# স্পেশাল এডুকেশন নিয়ে নতুন ভাবনা

NYC Public Schools

# সূচিপত্র


কৃতজ্ঞতা স্বীকার 4

ভূমিকা এবং অ্যাডভাইজরি কাউন্সিল-এর গঠন 6

ঐতিহাসিক প্রাসঙ্গিকতা 10

অ্যাডভাইজরি কাউন্সিলের সংশ্লিষ্টতা থেকে সংগৃহীত তথ্য 13

উপসংহার 32

সংযুক্তি 34




এই প্রকাশনায় বর্ণিত দৃষ্টিভঙ্গি ও মতামতসমূহ অ্যাডভাইজরি কাউন্সিল সদস্যদের এবং NYC পাবলিক স্কুলস্-এর দৃষ্টিভঙ্গি ও মতামতসমূহকে প্রতিফলিত না-ও করতে পারে।

# কৃতজ্ঞতা স্বীকার

NYC Public Schools

# চিফ ক্রিস্টিনা ফোটি (Christina Foti)-এর কৃতজ্ঞতা স্বীকার

এমন রূপান্তরমূলক কাজের একজন অংশ হয়ে প্রাপ্য সম্মান ও দুর্লভ সুযোগের অতিরঞ্জন অসম্ভব। অগ্রগতির উদ্দীপনায়, এই প্রতিবেদনটি চ্যান্সেলর ব্যাংকস্ (Banks)-এর সক্রিয় পদক্ষেপ গ্রহণের আহ্বানে সাড়াদানকারী নিবেদিত শিক্ষার্থী, পিতামাতা, প্রতিনিধিত্বকারী, ও শিক্ষাবিদ এবং আমাদের স্পেশাল এডুকেশন অ্যাডভাইজরি কাউন্সিলে স্বতঃপ্রবৃত হয়ে সময় দিয়ে যারা অংশগ্রহণ করেছেন, তাদের কাজের স্বীকৃতি হিসেবে এসেছে। যারা তাদের ব্যক্তিগত গল্প শুনিয়েছেন, গুরুত্বপূর্ণ মতামত দিয়েছেন, এবং আমাদের শিক্ষার্থীদের জন্য সম্ভাব্য, দৃঢ়তার সাথে আমাদেরকে সেগুলো নিয়ে ভাবতে উদ্বুদ্ধ করেছেন, এই প্রতিবেদন তাদের সকলকে সম্মানিত করে। তাদের দৃষ্টিভঙ্গি এমন একটি কাঠামো ও সিটি গড়ে তোলার পদক্ষেপসমূহ চিহ্নিত করতে সহায়তা করেছে, যা সকল শিক্ষার্থী এবং তাদের পরিবারবর্গের ন্যায়সঙ্গত অবস্থানের মর্যাদা দেয়। এছাড়াও আমাদের জরিপ এবং ফোকাস গ্রুপগুলোতে অংশগ্রহণকারী শত শত ব্যক্তির মতামতের আমরা মূল্য দিই, যা এই কাজের গতিপথ নিরূপণে সাহায্য করেছে। আমরা বুঝি যে শিক্ষার্থী, পরিবার, এবং আমাদের কমিউনিটিগুলোর সাথে অব্যাহত, অর্থবহ অংশীদারিত্বই সামনে এগিয়ে যাওয়ার একমাত্র পথ। তাদের অমূল্য মতামত আমাদের ভবিষ্যত উদ্যোগসমূহের একটি চালিকাশক্তি যা সাফল্য অর্জনের জন্য আরো অনেক শিক্ষার্থীকে তাদের প্রাপ্য পরিষেবা গ্রহণে সুযোগ দেবে।

এই প্রজেক্টের ব্যবস্থাপনা এবং আমাদের অধিবেশনসমূহের পরিচালনায় সহায়তা করেছেন কলম্বিয়া ইউনিভার্সিটির সেন্টার ফর পাবলিক রিসার্চ অ্যান্ড লিডারশিপ (CPRL)-এর আমাদের অংশীদারগণ, আপনাদের ধন্যবাদ। এই কাউন্সিলের জন্য চ্যান্সেলর ব্যাংকস্ (Banks)-এর যে আশা ও দর্শন ছিল, সেটা বাস্তবায়নে পর্দার অন্তরালে অক্লান্ত পরিশ্রমের জন্য স্পেশাল এডুকেশন অফিসকে ধন্যবাদ। পরিশেষে, টিচিং অ্যান্ড লার্নিং-এর ডেপুটি চ্যান্সেলর ক্যারোলিন কুইন্টানা (Carolyne Quintana)-কে আমাদের সিটি জুড়ে সকল শিক্ষার্থীর কাছে মূল শিক্ষানির্দেশনা অভিগম্য করায় আগ্রহের জন্য বিশেষ ধন্যবাদ। আমরা সামনের কাজের জন্য প্রত্যাশা করছি।

**ক্রিস্টিনা ফোটি (Christina Foti)**
চিফ অভ স্পেশাল এডুকেশন
ডিভিশন অভ স্পেশালাইজড ইনস্ট্রাকশন অ্যান্ড স্টুডেন্ট সাপোর্ট

# অ্যাডভাইজরি কাউন্সিল-এর ভূমিকা এবং গঠন

NYC Public Schools

# ভূমিকা এবং অ্যাডভাইজরি কাউন্সিল-এর গঠন

1 ডিসেম্বর, 2022-এ, চ্যান্সেলর ডেভিড ব্যাংকস্ (David Banks) নিউ ইয়র্ক সিটিতে স্পেশাল এডুকেশন নিয়ে নতুন ভাবনার জন্য একটি স্পেশাল এডুকেশন অ্যাডভাইজরি কাউন্সিল গঠনের পরিকল্পনা ঘোষণা করেছিলেন। অ্যাডভাইজরি কাউন্সিলের লক্ষ্য ছিল (1) নিউ ইয়র্ক সিটিতে স্পেশাল এডুকেশনের জন্য একটি দীর্ঘ-মেয়াদী পরিকল্পনা তৈরিতে সহায়তা করা, (2) সজ্ঞাত পরিকল্পনার জন্য শিক্ষার্থী এবং পরিবারের অভিজ্ঞতার উপর তথ্য সংগ্রহ করা, (3) স্পেশাল এডুকেশনের উন্নয়নের জন্য সুপারিশমালা গঠন করা, এবং (4) স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে সচেতনতা গড়ে তোলা। 27 ফেব্রুয়ারি, 2023-এ NYC পাবলিক স্কুল্স অ্যাডভাইজরি কাউন্সিল চালুর জন্য, বহিরাগত স্বার্থসংশ্লিষ্ট ও মাঠকর্মীসহ একটি বৈচিত্র্যময় স্বার্থসংশ্লিষ্ট দলকে একত্রিত করেছে।

অ্যাডভাইজরি কাউন্সিল প্রতিষ্ঠা করতে NYC পাবলিক স্কুল্স কতিপয় নির্দেশক মূল নীতি ব্যবহার করেছে, যার মধ্যে রয়েছে সেগুলো, যেগুলোকে উপদেষ্টাদের প্রতিনিধিত্ব করতে হবে:

- পিতামাতা, কমিউনিটির সদস্য ও নেতা, শিক্ষার্থী, শিক্ষাবিদ, প্রতিনিধিত্বকারীগণ, স্কুলের নেতা, এবং অন্যান্য স্পেশাল এডুকেশন পেশাজীবীগণের একটি দৃষ্টভঙ্গীর মিশ্রণ;
- বিস্তৃত পরিসরের পেশাদার বিশেষ জ্ঞান ও যাপিত অভিজ্ঞতা;
- বিভিন্ন ধরনের প্রতিবন্ধিতা; এবং
- NYC পাবলিক স্কুল্স যেসব কমিউনিটিকে পরিষেবা দেয়, এবং সেজন্য জাতি, জাতিগোষ্ঠী, ভাষা, এবং ভৌগোলিকভাবে যাদের বৈচিত্র্যময় হওয়া উচিত।

অ্যাডভাইজরি কাউন্সিল নিম্নলিখিত উদ্দীষ্ট ক্ষেত্রগুলোতে চারটি সাব-কাউন্সিলে ভাগ করে 52 জন সদস্যকে অন্তর্ভুক্ত করেছিল:[1]

- **পরিমাপ করা এবং বজায় রাখা:** ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম্স (IEP[2])-যুক্ত শিক্ষার্থীদের জন্য কার্যকর প্রোগ্রাম পরিমাপ করা এবং বজায় রাখা
- **প্রক্রিয়া এবং নীতি:** যথাযথ প্রক্রিয়ায় অভিযোগ[3]-এর জন্য প্রয়োজন কমানোর এবং শিক্ষার্থী ও পরিবারদের পরিষেবায় প্রক্রিয়া ও নীতিমালার উন্নতিতে কৌশলসমূহ
- **সংশ্লিষ্টতা এবং ক্ষমতায়ন:** প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং তাদের পরিবারবর্গকে কার্যকরভাবে আকর্ষণ করা এবং ধরে রাখা; বিদ্যমান অফারগুলো সম্পর্কে তথ্য ছড়িয়ে দেয়া;  স্বার্থসংশ্লিষ্টের সার্বিক সম্পৃক্ততাকে সহায়তা করা
- **একীভূতকরণ এবং পারস্পরিক নির্ভরতা:** শিক্ষার্থীদের মধ্যে অন্তর্ভুক্তিমূলক সুযোগের লভ্যতা বৃদ্ধি করে, এমন পারস্পরিক নির্ভরতার সুযোগ সম্প্রসারণ করে।

চারটি সাব-কাউন্সিল একটি একক দীর্ঘ-মেয়াদি লক্ষ্যের কথা জানিয়েছে: বাড়ির কাছের এবং অন্তর্ভুক্তিমূলক কাঠামোর শিক্ষার্থীদের চাহিদা সর্বোচ্চ সম্ভব পূরণের জন্য স্কুলগুলোর সজ্জিত থাকা উচিত।

ফেব্রুয়ারি থেকে জুন 2023 পর্যন্ত, কলম্বিয়া ইউনিভার্সিটির সেন্টার ফর পাবলিক রিসার্চ অ্যান্ড লিডারশিপ (CPRL) 24 টি রিমোট মিটিং পরিচালনা করেছিল, যেখানে অ্যাডভাইজর এবং NYC পাবলিক স্কুলস্ প্রতিনিধিগণ অন্তর্ভুক্ত ছিলেন। জটিল বিষয়বস্তুতে আরো গভীরভাবে নিমজ্জিত হওয়ার জন্য মিটিংগুলোতে অনানুষ্ঠানিক কাজের সময়, কাঠামোবদ্ধ সাব-কাউন্সিল মিটিং, এবং পূর্ণ অ্যাডভাইজরি কাউন্সিল অধিবেশন (সেশন) অন্তর্ভুক্ত ছিল। এসময়, পূর্ণ অ্যাডভাইজরি কাউন্সিল প্রতি এক মাস পর পর হয়েছে, এবং সাব-কাউন্সিল মিটিংগুলো— অফিস সময়ের অধিবেশনগুলো সহ অনুষ্ঠিত হয়েছে—দ্বিমাসিক অ্যাডভাইজরি কাউন্সিল মিটিংগুলোর অন্তর্বর্তী সময়ে অনুষ্ঠিত হয়েছিল। যেখানে যথাযথ, বিভিন্ন সাব-কাউন্সিলের উপদেষ্টা-গণ যৌথ সাব-কাউন্সিল মিটিংয়ের মাধ্যমে সুনির্দিষ্ট আলোচ্য বিষয়সমূহে সহযোগীরূপে কাজ করেছেন।

CPRL উপদেষ্টাগণের মতামতের অনুরোধ করতে বিভিন্ন রকমের পরিচালনা কৌশল ব্যবহার করেছেন। মিটিংগুলো শুরু হয়েছিল আলোচ্য বিষয়ের উপর NYC পাবলিক স্কুলস্-এর প্রতিনিধিদের ব্যাখ্যা করার মাধ্যমে, সাথে ছিলো জুম (Zoom)-এর চ্যাট ফিচারটি ব্যবহার করে অ্যাডভাইজর (উপদেষ্টা)-গণের কাছ থেকে প্রকৃত সময়ে মতামত, এবং ইমেইল ও জ্যামবোর্ড (Jamboard)-এর মাধ্যমে লিখিত মতামত লিপিবদ্ধ করা। নির্দিষ্ট আলোচ্য বিষয়সমূহের গভীরে নিমজ্জিত হওয়ার জন্য, CPRL এবং NYC পাবলিক স্কুলস্ উপদেষ্টা, সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ, কমিউনিটি নেতা, এবং প্রতিনিধিত্বকারীদের ফোকাস গ্রুপসমূহে অংশগ্রহণের আমন্ত্রণ করেছিল। অ্যাডভাইজরি কাউন্সিল, সাব-কাউন্সিল, এবং ফোকাস গ্রুপ মিটিংগুলোতে শেয়ারকৃত তথ্য এই প্রতিবেদনের ভিত্তি গড়ে তোলে। সব কাউন্সিল, সাব-কাউন্সিল, এবং অফিসের সময়ের উপস্থাপনাগুলো NYC পাবলিক স্কুলস্-এর ওয়েবসাইটে লভ্য আছে।

# 2023 স্পেশাল এডুকেশন অ্যাডভাইজরি কাউন্সিল সদস্যবৃন্দ

**মেলিন্ডা অ্যান্ড্রা (Melinda Andra)**
এডুকেশন ল টাস্ক ফোর্স প্রতিনিধি

**লুসি আঁতোয়েঁ (Lucy Antoine)**
পিতামাতা

**শার্লি অবিন (Shirley Aubin)**
FLHS, QHSPC, CPAC এবং L4L-এর প্যারেন্ট লিডার, BPTC অ্যাসিসট্যান্ট ইয়ুথ কোঅর্ডিনেটর

**ড সানায়ি বেকল্‌স-ক্যান্টন (Sanayi Beckles-Canton)**
সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশনের কো-প্রেসিডেন্ট

**ডিনা বেনান্তি (Dina Benanti)**
কমিটি অন স্পেশাল এডুকেশন 7 (ডিস্ট্রিক্ট 20, 21 এবং 31), চেয়ার

**জর্জিয়া জিয়ান্নিকোউরিস ব্র্যান্ডেইস (Georgia Giannikouris Brandeis)**
অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, টাউনসেন্ড হ্যারিস হাই স্কুল

**জোঅ্যান কামিংস্ (Joann Cummings)**
প্রেসিডেন্ট কাউন্সিলে ডিস্ট্রিক্ট 29 প্রেসিডেন্ট এবং CEC 29 IEP প্যারেন্ট মেম্বার বা পিতামাতা সদস্য

**ক্রিস্টিনা কারি (Christina Curry)**
মেয়র্স অফিস ফর পিপল উইদ ডিসঅ্যাবিলিটিজ-এর কমিশনার

**মার্জোরি ডিয়েনস্ট্যাগ (Marjorie Dienstag)**
প্যানেল ফর এডুকেশনাল পলিসি; পিতামাতা

**ভিক্টর এডওয়ার্ডস্ (Victor Edwards)**
NYC পাবলিক স্কুল্স প্রাক্তনী

**বেথ এইসগ্রাউ-হেলার (Beth Eisgrau-Heller**
পিতামাতা এবং 853 এডভোকেট

**লরেইন এমারসন (Lorraine Emerson)**
পিতামাতা

**লরা এসপিনোজা (Laura Espinoza)**
পিতামাতা

**স্টেসি গথিয়ের (Stacey Gauthier)**
এক্সিকিউটিভ ডিরেক্টর এবং প্রিন্সিপাল, রেনেসাঁ চার্টার স্কুল; এক্সিকিউটিভ ডিরেক্টর, রেনেসাঁ চার্টার স্কুল 2

**ম্যারি জো গিনেস (MaryJo Ginese)**
ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স ভাইস প্রেসিডেন্ট ফর স্পেশাল এডুকেশন

**সেলিয়া গ্রিন (Celia Green)**
সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট 75 কো-প্রেসিডেন্ট; চ্যান্সেলরস্ প্যারেন্টস্ অ্যাডভাইজরি কাউন্সিল-এর প্রাক্তন প্রতিনিধি; পিতামাতা

**পলেট হিলি (Paullette Healy)**
সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশনের কো-প্রেসিডেন্ট

**কিয়েটা হেনড্রিক্স (Kyeatta Hendricks)**
NYC পাবলিক স্কুলস্-এর স্পেশাল এডুকেশন শিক্ষক

**লিউপ হারনান্দেজ (Lupe Hernandez)**
অফিস অভ পাবলিক অ্যাডভোকেট জুমানি ডি. উইলিয়ামস্ (Jumaane D. Williams)

**রিমা ইজকুইয়েরডো (Rima Izquierdo)**
ডিস্ট্রিক্ট 75, ডিস্ট্রিক্ট 8, ডিস্ট্রিক্ট 11-এর প্যারেন্ট লিডার; ব্রংক্স হাই স্কুল প্রেসিডেন্টস্ কাউন্সিল প্রেসিডেন্ট; ব্রংক্স ডেভেলপমেন্টাল ডিসঅ্যাবিলিটিজ কাউন্সিল এক্সিকিউটিভ বোর্ড-এর পিতামাতা সদস্য

**আহজাহ্ জুয়েট (Ahjaah Jewett)**
NYC পাবলিক স্কুলস্ প্রাক্তনী

**রিটা জোসেফ (Rita Joseph)**
সিটি কাউন্সিল এডুকেশন কমিটি চেয়ার

**মেলিসা কাট্‌জ (Melissa Katz)**
NYC চার্টার স্কুল সেন্টার প্রতিনিধি

**লরেন কিশ (Lauren Kish)**
প্রিন্সিপাল, 09X042

**নেলসন মার (Nelson Mar)**
লিগ্যাল সার্ভিসেস্ NYC অ্যাটর্নি

**কিন মার্ক (Kin Mark), MS, PD**
সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্, ভাইস প্রেসিডেন্ট এবং ব্রুকলিন প্রতিনিধি

**এলেন ম্যাক হিউ (Ellen Mc Hugh)**
সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশনে পাবলিক অ্যাডভোকেট হিসেবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি

**ম্যাগি মোরোফ (Maggie Moroff)**
অ্যাডভোকেটস্ ফর চিলড্রেন অভ নিউ ইয়র্ক-এর সিনিয়র স্পেশাল এডুকেশন পলিসি কোঅর্ডিনেটর

**এরিকা নিউসাম (Erika Newsome)**
স্পেশাল এডুকেশন প্যারেন্ট অ্যাডভোকেট

**ক্রিস্টি প্যাটেন (Kristie Patten)**
প্রেসিডেন্টের কাউন্সেলর, অকুপেশনাল থেরাপির প্রফেসর, NYU

**লরি পডভেস্কার (Lori Podvesker)**
INCLUDENYC-এর ডিসঅ্যাবিলিটি অ্যান্ড এডুকেশন পলিসি ডিরেক্টর

**স্মিতা প্রকাশ (Smita Prakash)**
NYC পাবলিক স্কুলস্-এ অকুপেশনাল থেরাপিস্ট

**গ্লেনিস রিভেরা (Glenys Rivera)**
DC 37 লোকাল 372 দ্বিতীয় (2) ভাইস প্রেসিডেন্ট

**ডেসিনেজ রডরিগেজ (Desines Rodriguez)**
কমিউনিটি এডুকেশন কাউন্সিল 32 প্রেসিডেন্ট

**ক্লডাইন সিরিয়াস সেইন্ট ভিক্টর (Claudine Cyrius Saint Victor)**
পিতামাতা

**ম্যারিসেলা সানচেজ (Marisela Sánchez)**
ডিস্ট্রিক্ট 75 শিক্ষক

**হ্যারি শেরম্যান (Harry Sherman)**
ডিস্ট্রিক্ট 9-এর সুপারিনটেনডেন্ট

**রোজম্যারি সিনক্লেয়ার (Rosemarie Sinclair)**
কাউন্সিল ফর স্কুল সুপারভাইজর্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটর্স-এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট

**জশ স্টার্ন (Josh Stern)**
NYC পাবলিক স্কুলস্ প্রাক্তনী

**ক্রিস্টোফার সুরিয়ানো (Christopher Suriano)**
অ্যাসিস্ট্যান্ট কমিশনার ফর স্পেশাল এডুকেশন, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট

**এমি সাই (Amy Tsai)**
সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট 75-এর কো-প্রেসিডেন্ট; পিতামাতা

**হুইটনি তুসেঁ (Whitney Toussaint)**
কমিউনিটি এডুকেশন কাউন্সিল 30 প্রতিনিধি

**ক্রিস ট্রেইবার (Chris Treiber)**
চিলড্রেন্স সার্ভিসেস, ইন্টারএজেন্সি অভ ডেভেলপমেন্টাল ডিসঅ্যাবিলিটিজ এজেন্সিজ-এর অ্যাসোসিয়েট এক্সিকিউটিভ ডিরেক্টর

**বারবারা ট্রেম্বলে (Barbara Tremblay)**
প্রিন্সিপাল, 75K721

**ড. হোআ তু (Hoa Tu)**
কুইন্স নর্থ হাই স্কুল্স-এর সুপারিনটেনডেন্ট

**ড. ম্যারিয়ন উইলসন (Marion Wilson)**
ডিস্ট্রিক্ট 31-এর সুপারিনটেনডেন্ট

**ইফি জ্যাকরি (Effi Zakry)**
প্যানেল ফর এডুকেশনাল পলিসি; পিতামাতা; সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্-এর প্রাক্তন VP

**NYC পাবলিক স্কুল্স শিক্ষার্থী এবং প্রাক্তনী**

**স্পেশাল এডুকেশন অফিসের নিম্নলিখিত সদস্যদেরকে এই অ্যাডভাইজরি কাউন্সিলের সাথে তাদের সংশ্লিষ্টতার জন্য বিশেষ ধন্যবাদ:**

শনা গিবসন (Shona Gibson), জন হ্যামার (John Hammer), রেবেকা লেলচাক (Rebecca Lelchuck), মিশেল নেট্জলার (Michelle Netzler), কিম রামোনেস (Kim Ramones), র‍্যাচেল রিপি-চিউন (Rippey-cheun), সুসান সানচেজ (Susanne Sanchez), জেসিকা ওয়ালেনস্টাইন (Jessica Wallenstein)

# ঐতিহাসিক প্রাসঙ্গিকতা

NYC Public Schools

# ঐতিহাসিক প্রাসঙ্গিকতা

এই প্রচেষ্টাই প্রথমবার নয় যে নিউ ইয়র্ক সিটি স্পেশাল এডুকেশনের উন্নতি করতে অথবা নতুন করে ভাবতে চেষ্টা করেছে।

1995 সালে, NYC বোর্ড অভ এডুকেশন নিউ ইয়র্ক ইউনিভার্সিটিকে "ফোকাস অন লার্নিং" (শিখনে মনোনিবেশ করা) প্রতিবেদনের জন্য নিযুক্ত করেছিল যা ডিস্ট্রিক্ট-এ স্পেশাল এডুকেশন প্রক্রিয়াগুলোকে পরীক্ষা করেছিল এবং উন্নয়নের জন্য সুস্পষ্ট সুপারিশমালা গঠন করেছিল। প্রতিবেদনটি দেখিয়েছে যে অনেক শিক্ষার্থীকে স্পেশাল এডুকেশন প্রোগ্রামগুলোতে রাখা হয়েছিল অথবা স্পেশাল এডুকেশন পরিষেবা দেয়া হয়েছিল কারণ তাদের চাহিদা মেটানোর প্রশিক্ষণ বা উপকরণ জেনারেল এডুকেশন শিক্ষকদের ছিল না।[4]

এর প্রতিক্রিয়ায়, প্রতিবেদনটি জেনারেল এডুকেশনকে শক্তিশালী করা এবং যথাযথ সহায়তা পাওয়া যাওয়ার পর শিক্ষার্থীদের ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-গুলোকে ডিক্লাসিফাই (বিশেষ শ্রেণী থেকে অপসারিত করা) করার উপর মনোনিবেশ করেছিল। সুপারিশমালার মধ্যে অন্তর্ভুক্ত ছিল:

1. একটি স্কুল-ভিত্তিক মডেলের বাস্তবায়ন যা স্কুল ও ক্লাসরুমগুলোকে পুনর্গঠন করে, নতুন উপায়ে কর্মীবৃন্দকে কাজে লাগায়, শিক্ষানির্দেশনা ও মূল্যায়নের ধারণা পুনর্গঠন করে, এবং তহবিল বরাদ্দের পন্থা পরিবর্তন করে।
2. শিক্ষার্থীদের সাথে বিশেষ শিক্ষা-নির্দেশনামূলক বা আচরণগত সমস্যাবলীর সমাধানকল্পে ক্লাসরুম শিক্ষকগণকে সাহায্য করতে অনানুষ্ঠানিক, দ্রুত-সাড়া প্রদানকারী হস্তক্ষেপ প্রদান করার জন্য একটি শিক্ষা-নির্দেশনামূলক সহায়তা টিম (ইন্সট্রাকশনাল সাপোর্ট টিম, IST) তৈরি করা;
3. যাদেরকে স্পেশাল এডুকেশনের চাহিদাযুক্ত হিসেবে মূল্যায়িত এবং শ্রেণীভুক্ত করা হয়েছে, তাদেরসহ (বড় ধরণের প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী ব্যতীত) সকল শিক্ষার্থীর স্ট্যান্ডার্ডাইজড্ টেস্ট স্কোর তাদের হোম স্কুলের একীভূত টেস্ট স্কোরের ফলাফলে অন্তর্ভুক্তি;
4. স্কুল-ভিত্তিক মডেলকে পর্যায়ক্রমে প্রয়োগের ডিস্ট্রিক্ট ও স্কুলের প্রচেষ্টাকে মূল্যায়ন করা এবং এর ফলে স্কুলে ব্যর্থ হওয়ার ঝুঁকিতে থাকা শিক্ষার্থী ও প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের ফলাফলকে পর্যালোচনার জন্য একটি স্বাধীন অ্যাকাউন্টিবিলিটি অ্যান্ড কোয়ালিটি অ্যাস্যুরেন্স অফিস (AQAO) তৈরি করা। AQAO এছাড়াও ডিভিশন অভ হাই স্কুল্স এবং ডিস্ট্রিক্ট 75 সহ, প্রত্যেক কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ ডিস্ট্রিক্ট-পর্যায়ে প্যারেন্ট অ্যাডভোকেসি টিম-এর তৈরি, প্রতিষ্ঠা, প্রশিক্ষণ, তত্ত্বাবধান, এবং সহায়তা করবে;[5]
5. হাই স্কুল স্পেশাল এডুকেশনের জন্য একটি নতুন সুপারিনটেনডেন্ট পদ সৃষ্টি; এবং
6. স্টেটের অর্থায়ন ব্যবস্থায় বড় ধরণের পরিবর্তন বাস্তবায়ন করা।

2001-এ, লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট কোয়ালিশন 1995 থেকে, সুনির্দিষ্টভাবে NYC পাবলিক স্কুল্স্-এর ইন্ডিভিজুয়ালস উইদ ডিসঅ্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট (IDEA)-এর লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (LRE)-এর




আবশ্যকতাসমূহ মেনে চলায় অগ্রগতি পরীক্ষা করে একটি প্রতিবেদন (রিপোর্ট)[6] প্রকাশ করেছিল। সে কোয়ালিশন ছেলেমেয়েদের অ্যাডভোকেসি গ্রুপ এবং আইনি পরিষেবার প্রতিষ্ঠানসমূহ নিয়ে গঠিত হয়েছিল। প্রতিবেদনটি জেনারেল এডুকেশন কাঠামোতে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের অন্তর্ভুক্তির পরিসংখ্যানের বিস্তারিত বিবরণ দিয়ে দেখিয়েছে যে, যে বছরগুলো (1997–2001) পরীক্ষা করা হয়েছে, জাতীয়ভাবে প্রতিবন্ধিতাযুক্ত 24.54% শিক্ষার্থীদের তুলনায়, NYC পাবলিক স্কুল্স্-এর প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের 50%-এর বেশি একটি নিয়মিত স্কুলে অথবা প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের জন্য একটি পৃথক স্থানে স্পেশাল ক্লাসে (একটি ক্ষুদ্রতর ক্লাস যা শুধুমাত্র IEP-যুক্ত শিক্ষার্থীদেরকে পরিষেবা দেয়) তাদের সময়ের 60%-এরও বেশি অতিবাহিত করেছে। প্রিস্কুল শিক্ষার্থীদের জন্য সংখ্যাগুলো কিছুটা বেশি ছিল: স্টেট জুড়ে, সমন্বিত কাঠামোতে পরিষেবিত প্রিস্কুল শিক্ষার্থীদের শতকরা হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে, 1995–96 -এ 32.3% থেকে বেড়ে 1999–2000 শিক্ষা বছরে 55.5% হয়েছে। এই প্রতিবেদন প্রকাশ হয়েছিল ঠিক যখন স্পেশাল এডুকেশনের পরিষেবাসমূহের সুপারিশমালার নতুন ধারাবাহিকতা পরবর্তী শিক্ষা বছর, সেপ্টেম্বর 2001[7]-এ বাস্তবায়িত হওয়ার জন্য ধার্য হয়েছিল।

2012-এ, NYC পাবলিক স্কুলস্ এর শেয়ার্ড পাথ টু সাকসেস উদ্যোগ[8] শুরু করেছিল, যার অভিনিবেশ ছিল প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে সর্বোচ্চ যতটুকু সম্ভব তাদের কমিউনিটি স্কুলগুলোতে শিক্ষা প্রদান করা। NYC পাবলিক স্কুলস্ প্রিন্সিপাল, স্কুল সাইকোলজিস্ট, এবং পরিবারদের সাথে মতামত জ্ঞাপন অধিবেশনের মাধ্যমে স্বার্থসংশ্লিষ্টদেরকে সম্পৃক্ত করেছিল। উদ্যোগের লক্ষ্য ছিল এটা নিশ্চিত করা যে সকল IEP-যুক্ত শিক্ষার্থী:

1. একটি কঠোর শিক্ষায়তনিক পাঠ্যক্রমে অংশগ্রহণের সুযোগ পায় এবং তাদেরকে উচ্চ শিক্ষায়তনিক মান অনুযায়ী বিচার করা হয়, যা তাদেরকে তাদের সম্ভাবনার পূর্ণ অনুধাবন করতে এবং স্বনির্ভর জীবন, কলেজ , ও ক্যারিয়ারের জন্য প্রস্তুত করে গ্র্যাজুয়েট হতে সক্ষমতা দেয়;
2. শিক্ষায়তনিকভাবে যথাযথ এবং, যতো ঘন ঘন সম্ভব, যেন প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের পাশাপাশি স্বল্পতম নিষেধাত্মক পরিবেশে শিক্ষা পায়;
3. স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহ প্রাপ্ত হয় যা লক্ষ্য-স্থিরকৃত এবং স্কুল দিবসব্যাপী যথাযথ পর্যায়ের সহায়তা প্রদান করে; এবং
4. সফল হওয়ার জন্য তাদের যে সহায়তা প্রয়োজন, সেসব পাওয়ার সাথে সাথে তাদের জোন স্কুলে বা তাদের পছন্দের স্কুলে যোগ দিতে সক্ষম হয়।[9]

2023 স্পেশাল এডুকেশন অ্যাডভাইজরি কাউন্সিলের কাজ এবং সুপারিশমালা নিউ ইয়র্ক সিটিতে স্পেশাল এডুকেশনের সংস্কারসাধনের জন্য পূর্বেকার প্রচেষ্টাসমূহের চাইতে ভিন্ন। অ্যাডভাইজরি কাউন্সিল শিক্ষার্থী, পিতামাতা, শিক্ষক, প্রিন্সিপাল, সুপারিনটেনডেন্ট, এবং চার্টার স্কুলের প্রতিনিধিগণ সহ একটি বৈচিত্র্যময় স্বার্থসংশ্লিষ্ট দলকে অন্তর্ভুক্ত করেছে। আমাদের সুপারিশমালার লক্ষ্যে স্পেশাল এডুকেশনের মধ্যকার সমস্যাবলী সমাধান করা, তবে সেটা এমন একটি উপায়ে করা, যা বাস্তবসম্মত এবং যাদেরকে সবচেয়ে বেশি প্রভাবিত করবে, তাদের কাছে অর্থপূর্ণ। আমাদের সুপারিশমালার খসড়া করা হয়েছে একটি অন্তর্ভুক্তিমূলক, প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের প্রতি সক্ষমতাবাদ-বিরোধী দৃষ্টিভঙ্গি থেকে। সম্পৃক্ততা প্রক্রিয়া জুড়ে, সরাসরি উপদেষ্টাদের কথা শুনে ও তাদের জবাব দিয়ে এবং কাজের বিবর্তনের সাথে সাথে হালনাগাদ তথ্য প্রদান করে, NYC পাবলিক স্কুলস্ প্রতিনিধিগণ দ্বি-মুখী আলোচনায় অংশগ্রহণ করেছিলেন।

যদিও এসব গবেষণা এবং সংস্কারসাধনের প্রচেষ্টাসমূহের ফলে উন্নতি হয়েছে, অনেক কাজ করা বাকি রয়েছে, এবং অতীতে করা সুপারিশমালার বেশ কয়েকটির মৌল ধারণার সাথে প্রাসঙ্গিক। যেহেতু NYC পাবলিক স্কুলস্ স্পেশাল এডুকেশন নিয়ে নতুন করে ভাবছে, তাই অতীতের প্রচেষ্টাসমূহ দীর্ঘকালব্যাপী চলে আসা চ্যালেঞ্জসমূহকে কত ভালোভাবে মোকাবেলা করেছে এবং কী কাজ অসমাপ্ত আছে, সে প্রসঙ্গে একটি দৃষ্টিভঙ্গি তৈরির জন্য অ্যাডভাইজরি কাউন্সিলের দেওয়া মতামতের সদ্ব্যবহার করা হবে।



# অ্যাডভাইজরি কাউন্সিলের সংশ্লিষ্টতা থেকে সংগৃহীত তথ্য

NYC Public Schools

# অ্যাডভাইজরি কাউন্সিলের সংশ্লিষ্টতা থেকে সংগৃহীত তথ্য

চারটি সাব-কাউন্সিলের সবগুলো জুড়ে এবং সম্পূর্ণ অ্যাডভাইজরি কাউন্সিলের মিটিংগুলোতে, উপদেষ্টাগণ বিভিন্ন মূল ভাবনা তুলে ধরেছেন যা সাব-কাউন্সিল মিটিংগুলোতে আলোচিত বিষয়বস্তুগুলোর উপর সুনির্দিষ্ট সুপারিশমালার অনেকগুলোর ভিত্তি গড়ে তোলে। অ্যাডভাইজরি কাউন্সিলের মতামতে সাড়া দিয়ে এর পরিকল্পনাসমূহ তৈরির সময় এসব মূল ভাবনা NYC পাবলিক স্কুলস্-এর জন্য ভিত্তি স্থাপন করবে।

নিচে প্রতিবেদনটি থেকে গুরুত্বপূর্ণ অংশ দেয়া হলো:

## 1

NYC পাবলিক স্কুলস্-কে অবশ্যই সম্পূর্ণভাবে অন্তর্ভুক্তিমূলক এবং পরস্পরনির্ভর হওয়ার জন্য উদ্দেশ্যমূলকভাবে পরিকল্পিত হতে হবে। অন্তর্ভুক্তিকে হতে জীবনের প্রতিটি ক্ষেত্র পথনির্দেশক, সেটা কোনো সহায়ক নীতি বা প্রোগ্রাম হবে না। এর অর্থ, সকল শিক্ষার্থী এবং পরিবার তাদের শিখন ও উন্নতিতে স্বাগত, সম্মানিত, এবং সহায়তাপ্রাপ্ত। অন্তর্ভুক্তি স্কুল কমিউনিটিতে বৈচিত্র্যময়তা, পারস্পরিক নির্ভরতা, সমতা, এবং একাত্মতার সংস্কৃতিকে ধারণ করে।

NYC পাবলিক স্কুলস্-কে অবশ্যই উচ্চ-মান সম্পন্ন অন্তর্ভুক্তিমূলক প্রোগ্রামসমূহের জন্য সুস্পষ্ট সর্বজনীন মান প্রতিষ্ঠা করতে হবে যার ভিত্তি হলো স্টাফের জন্য উচ্চ মানসম্পন্ন প্রশিক্ষণ এবং পেশাদারিত্ব শিখন, সহযোগিরূপে কাজ করার জোরদার চেষ্টা, অর্থবহ বাড়ি-স্কুল-কমিউনিটির যোগাযোগ, এবং অব্যাহতভাবে শিক্ষার্থীদের জন্য উচ্চ প্রত্যাশা যা একটি একাত্মতার অনুভূতি তৈরি করে।

NYC পাবলিক স্কুলস্-কে অবশ্যই ন্যূনতম বাধ্যবাধকতাকে ছাড়িয়ে যাওয়া স্কুলগুলোকে শনাক্ত ও অভিনন্দিত করার জন্য একটি কাঠামোর পাশাপাশি, প্রতিটি স্কুল যেন সর্বজনীন মান পূরণ করে সেটা নিশ্চিত করার জন্য সুস্পষ্ট এবং সক্রিয় দায়বদ্ধতার কাঠামো গড়ে তুলতে হবে।

## 2

NYC পাবলিক স্কুলস্-কে অবশ্যই নতুন করে জেনারেল এডুকেশন নিয়ে ভাবনার পদক্ষেপ নিতে হবে। অনেক বেশি সময় ধরেই, যেসব শিক্ষার্থী জেনারেল এডুকেশন পাঠ্যক্রম নিয়ে, অথবা শিক্ষণ ও শিখনের সাধারণ কৌশলসমূহ নিয়ে হিমশিম খায় তাদের জন্য সমাধান হিসেবে স্পেশাল এডুকেশন পরিষেবা দিয়ে এসেছে। NYC পাবলিক স্কুলস্-এর জেনারেল এডুকেশন ক্লাসরুমগুলোকে অবশ্যই সকল শিক্ষার্থীর চাহিদা পূরণের লক্ষ্যে সর্বজনীনভাবে পরিকল্পিত হতে হবে। যেহেতু প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের বিশেষায়িত শিক্ষা-নির্দেশনা এবং লক্ষ্য-স্থিরকৃত সহায়তা আবশ্যক হয়, জেনারেল এডুকেশন ক্লাসরুমগুলোকে এমন কাঠামোর হতে হবে যেন তা জেনারেল এডুকেশনের প্রাসঙ্গিকতার মধ্যেই সংঘটিত হতে পারে। সহায়তাসমূহ যেকোনো স্থানে প্রযোজ্য হতে হবে, যেন IEP-যুক্ত শিক্ষার্থীরা যতোবার সম্ভব জেনারেল এডুকেশন ক্লাসরুমগুলোতে পুরোপুরিভাবে অঙ্গীভূত হতে পারে। এটার জন্য শক্তিশালী করে তোলা পাঠ্যক্রম বেছে নেওয়ার সুযোগ, প্রমাণ-ভিত্তিক পদ্ধতি সমূহে উন্নত শিক্ষক প্রশিক্ষণ, এবং সব স্কুলে একটি বাধ্যতামূলক বহু স্তরবিশিষ্ট সহায়তা ব্যবস্থা ও হস্তক্ষেপ কাঠামো আবশ্যক। প্রতিটি জেনারেল এডুকেশন ক্লাসরুমে যাদের প্রয়োজনয়ীতা  আছে, তাদের জন্য অবশ্যই সহায়ক এবং নির্দেশনা প্রযুক্তি লভ্য থাকতে হবে।

# 3

স্কুল ও পরিবারদের মাঝে আস্থা জোরদার করা। আস্থা হলো কার্যকর যোগাযোগ, সহযোগিতা এবং শিখনের ভিত্তি। যেখানে অনেক IEP মিটিং-ই সহযোগিতামূলক এবং সফল, অনেক বেশি সময়ই পিতামাতাদের জন্য অভিজ্ঞতাটি প্রতিকূল বা বিভ্রান্তিকর অনুভূত হয়, যা ব্যবস্থা-পদ্ধতি (সিস্টেম)-তে আস্থার ভিত্তি দুর্বল করে দিতে পারে। NYC পাবলিক স্কুলস্-কে অবশ্যই শিক্ষার্থী এবং পরিবারদের মাঝে অধিকতর আস্থা গড়ে তুলতে নিচের পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবে।

a. সহযোগিতামূলক IEP মিটিংগুলোর জন্য পূর্বাপর একই রকম প্রত্যাশা স্থাপন করা যা পিতামাতার দৃষ্টিভঙ্গিকে ক্ষমতায়িত করে। IEP টিমগুলোকে অবশ্যই একটি ছেলেমেয়েকে ভালোভাবে পরিষেবা দেয়ার জন্য আবশ্যক উপকরণ জোগাড় করতে ঐকমত্য-গঠন এবং কাজ করার জন্য সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে। সন্তানের প্রয়োজন মেটানর জন্য পরিবারসমূহকে আইনি প্রক্রিয়ার উপর নির্ভরশীল থাকা উচিত নয়।

b. পিতামাতাদেরকে IEP প্রক্রিয়ায় সহায়তা করার জন্য উদ্ভানামূলক ধারণাসমূহ গড়ে তোলা, যার মধ্যে নিম্নলিখিতগুলো রয়েছে—তবে তা এতেই সীমাবদ্ধ নয়—একটি "পাবলিক অ্যাডভোকেট" মডেল যা স্কুল পর্যায়ে দ্বন্দ্ব নিরসনের এবং পিতামাতাগণ যে তাদের শিক্ষার্থীদের জন্য সব বিকল্প সম্পর্কে অবহিত আছেন তা নিশ্চিত করার জন্য পিতামাতাগণের পিতামাতাগণকে পরিষেবা দেয়ার একটি "কমিউনিটি কর্তৃক, কমিউনিটির জন্য পদ্ধতি" গ্রহণ করে।

# 4

শিক্ষার্থীদের বাড়ির কাছের পাবলিক স্কুল প্রোগ্রামগুলোতে বিনিয়োগকে অগ্রাধিকার দেয়া, সেটা অন্তর্ভুক্তির প্রসারে সহায়তা করে এবং এতে শিক্ষার্থীর ফলাফল ভালো হয়। সকল শিক্ষার্থীর উচ্চ-মান সম্পন্ন শিখনের সুযোগগুলোতে অভিগম্যতার প্রয়োজন। এটার জন্য প্রয়োজন হয় সকল শিক্ষার্থীর জন্য তাদের পটভূমি, ঠিকানা, অথবা চাহিদা নির্বিশেষে ন্যায়সঙ্গত বিনিয়োগ করা।

যদিও ডিস্ট্রিক্ট 75 অনেক শিক্ষার্থীর জন্য একটি যথাযথ স্থান, শুধু সেসব শিক্ষার্থীর জন্যই এটা সুপারিশ করা উচিত যাদের সুনির্দিষ্টভাবে এটা প্রয়োজন। NYC পাবলিক স্কুলস্-এর অবশ্যই নিউ ইয়র্ক সিটি কন্টিনিউয়াম অভ স্পেশাল এডুকেশন সার্ভিসেস-এ বিশেষায়িত (স্পেশালাইজড্) প্রোগ্রামসমূহ অন্তর্ভুক্ত করা এবং সেসব প্রোগ্রাম পিতামাতাদের সাথে যাচাই ও আলোচনা করা আবশ্যক করতে হবে। শুধুমাত্র নতুন প্রোগ্রাম তৈরি করাই যথেষ্ট নয়। অভিগম্যতা নিশ্চিত করতে, NYC পাবলিক স্কুলস্-এর নতুন প্রোগ্রামগুলো সম্পর্কে যোগ্য ছেলেমেয়ের পরিবারদেরকে অবহিত করার জন্য একটি গণ সম্প্রচার বার্তা প্রচারে নিয়োজিত হতে এবং এসব প্রোগ্রামের চাহিদাযুক্ত শিক্ষার্থীদের স্থানসংকুলানের জন্য পর্যাপ্ত সংখ্যক প্রোগ্রাম আছে, সেটা নিশ্চিত করতে হবে। বেছে নেয়ার জন্য বিভিন্ন প্রোগ্রাম বিবেচনায় পরিবারদেরকে সহায়তা করতে নতুন IEP সহায়তা কাঠামোও (যেমন একটি নতুন প্যারেন্ট অ্যাডভোকেট প্রোগ্রাম) তৈরি করতে হবে। শিক্ষার্থীদের যাতায়াত দূরত্ব ন্যূনতম করতে, সর্বোচ্চ যতটুকু সম্ভব, প্রোগ্রামগুলো শিক্ষার্থীর চাহিদা-ভিত্তিক অবস্থিত হওয়া উচিত। এই ধরণের প্রোগ্রামগুলো শিক্ষার্থীদের চাহিদার বিশ্লেষণ দ্বারা পরিচালিত হওয়া উচিত।

# 5

মনোভাবের পরিবর্তন, সংগঠন-জুড়ে প্রতিবন্ধিতা-যুক্ত ব্যক্তিদের প্রতি বৈষম্য বিরোধী সংস্কৃতির লালন, এবং যাপিত অভিজ্ঞতা সহ ব্যক্তিগণের দৃষ্টিভঙ্গিকে একত্রীভূত করা। যুক্তরাষ্ট্রের প্রতিবন্ধিদের অধিকারের ইতিহাসে প্রধান থিম হয়ে এসেছে "নাথিং অ্যাবাউট আস উইদাউট আস (আমাদের সম্পর্কে কোনো কিছুই আমাদের ছাড়া হবে না)"। সক্ষমদের প্রাধান্য-বিরোধী একটি সংস্কৃতি গড়ে তোলা একটি যৌথ দায়িত্ব যার জন্য প্রতিবন্ধিতা-যুক্তদের অবমূল্যায়নকারী পূর্বানুমান ও গৎবাঁধা বিশ্বাসের বিরোধিতা করা স্বার্থসংশ্লিষ্টদের অবশ্যক করণীয়। এটা আরও বুঝায় যে, অভিগম্য এবং অন্তর্ভুক্তিমূলক স্থান তৈরি করা যেখানে প্রত্যেকে বাধা বা বৈষম্য ছাড়াই অংশগ্রহণ করতে এবং অবদান রাখতে পারে। উপদেষ্টাগণ জোর দিয়েছিলেন যে, যোগাযোগ, প্রশিক্ষণ এবং পেশাদারিত্ব শিখনে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন স্কুল স্টাফ, পরিবার, এবং শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গিকে সমন্বিতকরণ হলো আন্তরিক পরিবেশ সৃষ্টির চাবিকাঠি। NYC পাবলিক স্কুলস্কে অবশ্যই অব্যাহতভাবে প্রদর্শন করতে হবে যে, প্রোগ্রামিং, নতুন উদ্যোগ, এবং যোগাযোগ কৌশলের গঠনে পরিবার ও শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গি পূর্বাপর একই রকমভাবে উপস্থিত আছে, এবং নিশ্চিত করতে হবে যে, পুরো NYC পাবলিক স্কুলস্ জুড়ে ভাষা অন্তর্ভুক্তিমূলক এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর পরিবারের উপর চাপ ও প্রাসঙ্গিকতা বিবেচিত হয়।

এছাড়াও উপদেষ্টাগণ সাব-কাউন্সিল মিটিংগুলোর জন্য চিহ্নিত সুনির্দিষ্ট বিষয়বস্তুগুলোর প্রতিক্রিয়ায় NYC পাবলিক স্কুলস্-কে মতামত এবং সুপারিশমালাও অফার করেছে। প্রতিটি সাব-কাউন্সিলের কাজ সংগঠিত হয়েছিল একটি 'ড্রাইভার ডায়াগ্রাম' ঘিরে, যা নিচে উপস্থাপিত হলো। 'ড্রাইভার ডায়াগ্রাম' হলো অ্যাডভাইজরি কাউন্সিলের দীর্ঘমেয়াদি বৃহৎ লক্ষ্য অর্জনের জন্য বিভিন্ন 'ড্রাইভার' (চালিকাশক্তি), অথবা অবদানকারীর একটি দৃষ্টিগ্রাহ্য উপস্থাপন। একটি ড্রাইভার ডায়াগ্রাম অ্যাডভাইজরি কাউন্সিলের সার্বিক লক্ষ্য, লক্ষ্য অর্জনে সরাসরি ভূমিকা পালনকারী প্রধান চালিকাশক্তি (প্রাইমারি ড্রাইভার), এবং প্রধান চালিকাশক্তির উপকরণসমূহ যা অপ্রধান চালিকাশক্তির (সেকেন্ডারি ড্রাইভার) মধ্যকার সম্পর্ক প্রদর্শন করে। পরবর্তী সেকশনগুলো সাব-কাউন্সিলের আলোচনা এবং অ্যাডভাইজরি কাউন্সিলের সুপারিশমালার একটি সংক্ষিপ্তসার উপস্থাপন করে।

| সংগৃহীত তথ্য | | |
|---|---|---|
| **দীর্ঘ-মেয়াদি লক্ষ্য** | **প্রধান চালিকাশক্তি (প্রাইমারি ড্রাইভার)** | **অপ্রধান চালিকাশক্তি (সেকেন্ডারি ড্রাইভার)** |
| **স্কুলগুলো বাড়ির কাছের শিক্ষার্থীদের চাহিদা পূরণের এবং সর্বোচ্চ যতটুকু সম্ভব অন্তর্ভুক্তিমূলক ব্যবস্থায় সজ্জিত।** | **একীভুতকরণ এবং পারস্পরিক নির্ভরতা**<br>শিক্ষা-নির্দেশনামূলক চর্চাসমূহ সুসঙ্গত এবং প্রশাসনিক কাঠামো দ্বারা সহায়তাপ্রাপ্ত, যা পরিবারবর্গ এবং স্কুলগুলোকে কার্যকর সহায়তা প্রদান করে। | 1. ডিস্ট্রিক্ট 75 এবং ব্যবস্থার বাকি অংশের মধ্যকার দূরত্ব দূর করা।<br>2. প্রতিবন্ধিতা এবং স্পেশাল এডুকেশন সম্পর্কে মনোভাবের পরিবর্তন। |
| | **পরিমাপ করা ও বজায় রাখা**<br>IEP পূর্ণাঙ্গরূপে বাস্তবায়িত হচ্ছে তা নিশ্চিত করার জন্য কার্যকর প্রোগ্রাম এবং পরিষেবা প্রদান মডেলের জন্য কৌশলগতভাবে এবং কার্যকরভাবে সহায়সঙ্গতি বরাদ্দ করা হয়। | 3. সব স্কুলে উচ্চ-মান সম্পন্ন অন্তর্ভুক্তিমূলক প্রোগ্রামের জন্য সর্বজনীন মান প্রতিষ্ঠা করা।<br>4. সহায়সঙ্গতির কৌশলগত বরাদ্দ এবং IEP-এর সাথে সামঞ্জস্য নিশ্চিত করতে সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানের মডেল উন্নত করা।<br>5. আরো স্কুলে কার্যকর প্রোগ্রামসমূহ সম্প্রসারণ করার জন্য কৌশল নির্ধারণ করা।<br>6. নিশ্চিত করা যে আবেদন এবং আসনদানের নীতিমালা কার্যকর প্রোগ্রামসমূহে আরো বেশি করে অভিগম্যতা দেয়। |
| | **প্রক্রিয়া এবং নীতি**<br>দ্বন্দ্ব নিরসনের জন্য প্রক্রিয়াসমূহ যা বিদ্যমান শিক্ষার্থী ও পরিবারদের জন্য ন্যায়সঙ্গত, ড্যাটা (উপাত্ত)-নির্ভর ফলাফলে পৌঁছানো সহজ করতে সাহায্য করে। | 7. নিশ্চিত করা যে IEP মিটিংগুলো আরো বেশি সহযোগিতামূলক এবং ফলস্বরূপ এমন IEP হয় যেগুলো শিক্ষার্থীর চাহিদার সাথে ভালোভাবে-মানানসই।<br>8. আইনি প্রক্রিয়ায় অভিযোগের আগে এবং প্রক্রিয়াকালে পরিবারসমূহকে সহায়তা দেয়া। |
| | **সংশ্লিষ্টতা এবং ক্ষমতায়ন**<br>IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য লভ্য প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে পরিবারবর্গ ভালোভাবে-অবহিত এবং উদ্দীপ্ত। | 9. শিক্ষার্থী ও পরিবারের জন্য আন্তরিক এবং ইতিবাচক পরিবেশ তৈরি করা।<br>10. লভ্য প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে পরিবারদেরকে আরো ভালোভাবে জানানো। |

## ইন্টারভিউ স্পটলাইট



**"[এই অ্যাডভাইজরি কাউন্সিলের কাজ] বাস্তবায়নের দিকে যাওয়ার আগে সিদ্ধান্ত গ্রহণ [এবং] একটি যাচাই-তালিকা বা চেকলিস্ট তৈরির জন্য উচিত একটি টেমপ্লেট করা।"**

– রিমা ইজকুইয়েরডো (Rima Izquierdo)

প্যারেন্ট লিডার, ডিস্ট্রিক্ট 75, ডিস্ট্রিক্ট 8, ডিস্ট্রিক্ট 11;
প্রেসিডেন্ট, ব্রংক্স হাই স্কুল প্রেসিডেন্টস্ কাউন্সিল;
সদস্য, ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স সাব-কাউন্সিল

## একীভূতকরণ এবং পারস্পরিক নির্ভরতা

ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স (একীভূতকরণ এবং পারস্পরিক নির্ভরতা) সাব-কাউন্সিলের প্রধান লক্ষ্য ছিল পরিবার ও শিক্ষার্থীদেরকে আরও কার্যকর সহায়তা প্রদানের জন্য NYC পাবলিক স্কুলস্ সমন্বিত প্রশাসনিক কাঠামো দ্বারা প্রয়োজনীয় সমর্থন এবং উৎসাহ প্রাপ্ত হয়ে কীভাবে সামঞ্জস্যপূর্ণ শিক্ষা-নির্দেশনার চর্চা আরো ভালোভাবে বাস্তবায়ন করতে পারে, সে ব্যাপারে মতামত প্রদান করা। ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স সাব-কাউন্সিলের সদস্যদের মধ্যে পিতামাতা, প্রতিনিধিত্বকারী (অ্যাডভোকেট), এবং NYC পাবলিক স্কুলস্-এর প্রাক্তনী, শিক্ষক, ও প্রশাসকরা অন্তর্ভুক্ত ছিলেন।

সাব-কাউন্সিলের সাথে সম্পৃক্ততার একটি প্রধান অভিনিবেশ ছিল ডিস্ট্রিক্ট 75 এবং স্কুল ব্যবস্থার বাকি অংশের দূরত্ব কমাতে ডিস্ট্রিক্ট 75 সম্পর্কিত প্রশাসনিক পরিবর্তন করতে কিছু পরিকল্পনা তৈরি করা। ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স সাব-কাউন্সিলের সাথে বেশ কিছু মিটিংয়ের মাধ্যমে, NYC পাবলিক স্কুলস্ এসব পরিবর্তনের জন্য প্রাথমিক পরিকল্পনাসমূহ উপস্থাপন করেছে। উপদেষ্টাদের মতামতের ভিত্তিতে, NYC পাবলিক স্কুলস্ সময়রেখা সমন্বিত করেছে, যোগাযোগ ও সম্পৃক্ততা পরিকল্পনা নিয়ে পুনরায় কাজ করেছে, এবং কিছু কিছু ক্ষেত্রে, পরিকল্পিত পরিবর্তনসমূহ পুনর্বিবেচনা করেছে।

এসব প্রশাসনিক পরিবর্তনের পর্যালোচনার সাথে সাথে, সাব-কাউন্সিল কিছু বিচ্ছিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছিল, যার মধ্যে ছিল ডিস্ট্রিক্ট বরো নম্বর (DBN), এজেন্সি থেকে (যেমন, চিকিৎসা ও হাসপাতালে ভর্তি) ফিরে আসা শিক্ষার্থীদের স্থানান্তর প্রক্রিয়া, এবং ডিস্ট্রিক্ট 75 ও তাদের দেওয়া পরিষেবাসমূহ কীভাবে পুনর্গঠন করা যায়, সেগুলোতে স্বার্থসংশ্লিষ্টদেরকে সম্পৃক্ত করার পরিকল্পনা। সেসব আলোচনা জুড়ে, একটি সত্যিকারের একীভূত ও পরস্পরনির্ভর ব্যবস্থার সম্ভাবনা সম্পূর্ণভাবে উপলব্ধি করার জন্য যেসব মনোভাবের পরিবর্তন প্রয়োজন সেসব কর্মপন্থা চিত্রিত করে, উপদেষ্টাগণ NYC পাবলিক স্কুলস্ ব্যবস্থার পিতামাতা, শিক্ষক, এবং শিক্ষার্থী হিসেবে তাদের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে অব্যাহতভাবে সংক্ষিপ্ত কাহিনী শেয়ার করেছেন।

| একীভূতকরণ এবং পারস্পরিক নির্ভরতা | | |
|---|---|---|
| **দীর্ঘ-মেয়াদি লক্ষ্য** | **প্রধান চালিকাশক্তি (প্রাইমারি ড্রাইভার)** | **অপ্রধান চালিকাশক্তি (সেকেন্ডারি ড্রাইভার)** |
| বাড়ির কাছের এবং অন্তর্ভুক্তিমূলক কাঠামোর শিক্ষার্থীদের চাহিদা সর্বোচ্চ সম্ভব পূরণের জন্য স্কুলগুলো সজ্জিত | শিক্ষা-নির্দেশনার চর্চা সুসঙ্গত এবং প্রশাসনিক কাঠামো দ্বারা সহায়তাপ্রাপ্ত, যা পরিবার এবং স্কুলগুলোকে কার্যকর সহায়তা প্রদান করে | • ডিস্ট্রিক্ট 75 এবং ব্যবস্থার বাকি অংশের মধ্যকার দূরত্ব দূর করা।<br>• প্রতিবন্ধিতা এবং স্পেশাল এডুকেশন সম্পর্কে মনোভাবের পরিবর্তন। |

## ডিস্ট্রিক্ট 75 এবং ব্যবস্থার বাকি অংশের মধ্যকার দূরত্ব দূর করা।

অনেক বছর ধরে ডিস্ট্রিক্ট 75 আলাদা এবং সমান্তরালভাবে পরিচালিত হয়ে কাজ করা অন্যান্য সিটিভিত্তিক পরিপূরক প্রতিরূপগুলোর সাথে একটি কাঠামো হয়ে কাজ করে। প্লেসমেন্ট, সেফটি, হোম-স্কুলিং, এবং ট্রান্সপোর্টেশন টিম হলো সেই সব টিমের উদাহরণ যেগুলো অন্য সব ডিস্ট্রিক্টকে সহায়তাকারী একই ধরণের সহকর্মী প্রতিরূপপরিপূরক প্রতিরূপ রয়েছে। NYC পাবলিক স্কুলস্ অ্যাডভাইজরি কাউন্সিলের আগে স্বার্থসংশ্লিষ্টের মতামত থেকে জেনেছে কিন্তু কাউন্সিল অ্যাডভাইজর (উপদেষ্টা)-গণের কাছ থেকেও এটা জেনেছে যে পরিবারসমূহকে এই দূরত্ব বজায় রাখার পদ্ধতি অনির্দিষ্টভাবে সবার উপর দায়িত্ব দেয়া এবং সঙ্গতিহীন চর্চা ও অভিজ্ঞতার দিকে পরিচালিত করে। NYC পাবলিক স্কুলস্ যেসকল পরিবার স্থানান্তরিত হয়ে ডিস্ট্রিক্ট 75-এ আসছে বা সেখান থেকে চলে যাচ্ছে এবং ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলোতে বা ডিস্ট্রিক্ট 79-এ আসছে সেসকল সহ, ডিস্ট্রিক্ট 75-এর মধ্যকার স্কুলগুলোকে সহায়তা এবং পরিবারদের সাথে যোগাযোগ উন্নত করতে রিসোর্স ও টিমগুলোকে সমন্বিত করার জন্য প্রস্তাবনাসমূহে ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স (একীভূতকরণ এবং পারস্পরিক নির্ভরতা) উপদেষ্টাদের সম্পৃক্ত করেছে। এসব প্রস্তাবনার মধ্যে পরিবর্তনের জন্য একটি প্রস্তাবিত সময়রেখার সাথে সাথে কিছু প্রশাসনিক পরিবর্তন অন্তর্ভুক্ত রয়েছে। NYC পাবলিক স্কুলস্ এটাও স্পষ্ট করেছে যে প্রস্তাবিত পরিবর্তনগুলো ডিস্ট্রিক্ট 75-এর জন্য সহায়তা বা স্টাফ হ্রাস করবে না।

উপদেষ্টাগণ NYC পাবলিক স্কুলস্ সিস্টেম জুড়ে সকল প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর একীভূতকরণকে জোরালোভাবে সমর্থন করেছেন এবং বৃহত্তর স্কুল সিস্টেমে ডিস্ট্রিক্ট 75-এর কাঠামো ও সহায়তাগুলোর আরো ভালো একীভূতকরণ পদক্ষেপের পক্ষে ছিলেন। উপদেষ্টাগণ সুস্পষ্টভাবে বুঝেছেন যে সফল একীভূতকরণের জন্য ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলোতেও গুরুত্বপূর্ণ প্রচেষ্টার আবশ্যকতা রয়েছে। এমনকি তারা উদ্বেগ প্রকাশ করেছেন যে:

- তদারকিতে পরিবর্তন হ্রাসকৃত তহবিল ও রিসোর্স বরাদ্দ এবং প্রতিবন্ধিতা-যুক্ত শিক্ষার্থীদের জন্য বর্ধিত অন্যায্যতার দিকে নিয়ে যেতে পারে, যদিও সেটা বর্তমান পরিকল্পনা নয়।
- যেসব ডিপার্টমেন্টে ডিস্ট্রিক্ট 75-এর টিমগুলো একীভূত হয়ে যাবে সেগুলো হয়তো ডিস্ট্রিক্ট 75-এ তাদের একই ধরণের সহকর্মী প্রতিরূপগুলোর মতো কার্যকর না-ও হতে পারে এবং কঠিন সমস্যাগুলো বজায় থাকবে যেমন স্পেশালাইজড্ প্রোগ্রামে তালিকাভুক্তি (এনরোলমেন্ট), উত্তরণ পরিকল্পনা, এবং পরিবহন "শূণ্যতা"।
- যদি সেগুলোকে পুনরায় একীভূত করা হয় তবে অ্যাসিস্টিভ টেকনোলজি (সহায়ক প্রযুক্তি) এবং অ্যাডাপ্টিভ ফিজিক্যাল এডুকেশন (অভিযোজিত শরীরচর্চা শিক্ষা)-এর মতো সফল ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামগুলোর মান পড়ে যাবে।

উপদেষ্টাগণ বৃহত্তর পাবলিক স্কুল কমিউনিটির মধ্যে ডিস্ট্রিক্ট 75 শিক্ষার্থীদেরকে আরো ভালোভাবে একীভূতকরণের পন্থাগুলো সম্পর্কেও আলোচনা করেছেন। উপদেষ্টাগণ সুপারিশ করেন NYC পাবলিক স্কুলস্ যেন সেসব বিখ্যাত স্থানের সমকক্ষ হতে বা সেগুলোকে ছাড়িয়ে যেতে চেষ্টা করেন যেখানে শিক্ষার্থীদের একীভূতকরণ এবং সহযোগিতা জোরালো। উদাহরণ হিসেবে, NYC পাবলিক স্কুলস্-এর উচিত সেসব সফল সহাবস্থানকে দেখা, এবং সেসব স্কুলকে ডিস্ট্রিক্ট-ব্যাপী প্রশিক্ষণ প্রদানের জন্য আমন্ত্রণ জানানো, যে স্কুলগুলো সকল শিক্ষার্থীর লাভের জন্য ধারণা ও কৌশল বিনিময় করে। উপদেষ্টাগণ বলেছেন যে, এই স্কুলগুলো তাদের ভবনের বাহ্যিক আকারকে একটি গ্রাহক-এবং-অতিথি বিন্যাস নয় বরং একটি সহযোগিতামূলক অংশীদারিত্ব হিসেবে দেখে।

### ইন্টারভিউ স্পটলাইট



**"আমি ডিস্ট্রিক্ট 75 থেকে গ্রাজুয়েশন করেছি, এবং কোনটি কাজ করেছে এবং করেনি—যে বাধাগুলোর উপর অন্তর্ভুক্তিকে কাজ করতে হবে, সেসব সম্পর্কে আমি আমার দৃষ্টিভঙ্গি জানাতে চেয়েছি। উদাহরণস্বরূপ, যদিও [প্রতিবন্ধিতাযুক্ত] শিক্ষার্থীরা একই ক্লাসে ছিল, তবুও তারা [IEP-ছাড়া শিক্ষার্থীদের মতো] একই সময়ে সময়সূচি বা গ্রেড পায়নি। আফটার-স্কুল প্রোগ্রামিংয়ের জন্য আমাদের লড়াই করতে হয়েছিল।"**

**– আহজাহ্ জুয়েট (Ahjaah Jewett)**

প্রাক্তন শিক্ষার্থী, NYC পাবলিক স্কুলস্
সদস্য, ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স (একীভূতকরণ এবং পারস্পরিক নির্ভরতা) সাব-কাউন্সিল

## প্রতিবন্ধিতা এবং স্পেশাল এডুকেশন সম্পর্কে মনোভাবের পরিবর্তন

পিতামাতা, শিক্ষক, এবং প্রাক্তনী উপদেষ্টাগণ বেদনাদায়ক অভিজ্ঞতাগুলো নিয়ে কথা বলেছেন যেখানে তাদের মতামত, লক্ষ্য, এবং প্রয়োজনীয় বিশেষ সুবিধা ব্যবস্থাগুলো বিবেচিত হয়নি অথবা তাদের উপর প্রভাব ফেলে এমন গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহে অনাদৃত হয়েছে। উপদেষ্টাগণ পরিবহন, অন্তর্ভুক্তি, নিরাপত্তা চ্যালেঞ্জ, এবং গ্র্যাজুয়েশনের ধারাগুলো নিয়ে যেসব শেয়ার করেছেন পরবর্তী উদাহরণগুলো সেসব সংক্ষিপ্ত কাহিনীর প্রতিফলন ঘটায়।

বেশ কয়েকজন উপদেষ্টা পরিবহনের জটিল যাত্রাপথ (রুট), অপর্যাপ্ত শীতাতপ নিয়ন্ত্রিত বাস, অনিয়মিত আগমন ও প্রস্থানের সময়, স্পষ্ট যোগাযোগের অভাব, এবং ভাই-বোনদেরকে পরিবহন করতে অপারগতা সম্পর্কে কথা বলেছেন।

**“আমার সন্তান একটি নেস্ট[10] স্কুলে যেতে চায় না। ... একটি প্রতিবন্ধিত্বের জন্য শাস্তি পাচ্ছে বলে সে অনুভব করে কারণ তার বাসের কারণে সবসময় তার দেরি হয়। যখন তার জন্য বাস না এলে তাকে সেখানে বসে থাকতে এবং শাস্তি পাচ্ছে বলে অনুভব করতে হয়।" – উপদেষ্টা**

একজন উপদেষ্টা উদাহরণ দিয়েছেন যে, তিনি শুনেছেন একজন জেনারেল এডুকেশন শিক্ষক বলছেন তিনি "স্পেশাল এডুকেশনের ছেলেমেয়েদেরকে শিক্ষাদানের জন্য সাইন আপ করেননি"।

**তাদেরকে 'কীভাবে আমরা এই পাঠ্যক্রমটিকে সবার জন্য কার্যকর করতে পারি', সে চিন্তা করা এবং [তাদের] সাফল্যের জন্য আবশ্যক দক্ষতাগুলো ছেলেমেয়েরা শিখছে, সেটাও নিশ্চিত করা - এর স্থলে "তাদের মনোভাব হলো, পাঠ্যক্রমটি সরবরাহ করতে তারা সেখানে রয়েছেন। এটা একটি ভিন্ন মনোভাব।" – উপদেষ্টা**

## তত্ত্বকে রূপায়ন করা

### P.S. 463-এ অন্তর্ভুক্তির চর্চা



**"আমাদের শ্রবণ-সমস্যাযুক্ত একজন শিক্ষার্থী ছিল যে শ্রবণ পরিষেবা গ্রহণ করেছিল এবং তার একটি অ্যামপ্লিফাইং মাইক্রোফোনের প্রয়োজন ছিল। আমাদের সহ-শিক্ষকগণ মাইক্রোফোন কিনেছিলেন এবং তার ক্লাসরুমের প্রতিটি ডেস্কে সেগুলো রেখেছিলেন, এবং ক্লাসের আলোচনার সময় প্রত্যেক শিক্ষার্থী কথা বলার জন্য একটি মাইক্রোফোন ব্যবহার করেছিল। পুরো ক্লাস জুড়ে সেটা একটা নিয়ম ছিল। সুতরাং যে শিক্ষার্থীর পরিষেবাটির প্রয়োজন ছিল ... ছেলেমেয়েদের কেউই প্রকৃতপক্ষে জানতো না যে কার আসলে পরিষেবাটির প্রয়োজন ছিল। এভাবেই তারা ছেলেমেয়েটিকে ক্লাসরুমে অন্তর্ভুক্ত অনুভব করিয়েছিল।"**

**– কিয়েটা হেনড্রিক্স (Kyeatta Hendricks)**

স্পেশাল এডুকেশন শিক্ষক, K-12 NYC পাবলিক স্কুলস্

উপদেষ্টাগণ নিরাপত্তা বিষয়ক উদ্বেগ নিয়েও এসেছিলেন। ডিস্ট্রিক্ট 1–32 স্কুলে যেসব ডিস্ট্রিক্ট 75 শিক্ষার্থী আছে এবং ডিস্ট্রিক্ট 75 অন্তর্ভুক্তি পরিষেবা প্রদানকারীদের কাছ থেকে স্পেশাল এডুকেশন শিক্ষক সহায়তা পরিষেবা পায়, তাদের ক্লাসের সারাদিনের সহপাঠীদের চাইতে তাদের ভিন্ন DBN[11] রয়েছে। একজন নেতৃত্বশীল পিতামাতা হিসেবে, একজন উপদেষ্টা জানিয়েছেন যে:

**"[আমাকে] নিরাপত্তা বিষয়ক মিটিংগুলো থেকে বাইরে রাখা হয় ... কারণ আমাকে বলা হয়েছে যে আমার একটি স্বতন্ত্র DBN নেই, সুতরাং নিরাপত্তা বিষয়ক মিটিংগুলোতে আমার শিক্ষার্থীদের একজন পিতামাতা প্রতিনিধি থাকে না [যিনি] তাদের উদ্বেগগুলো বোঝেন। সত্যি বলতে কি, সেসব মিটিংয়ে এমনকি আমাদের স্টাফও থাকেন না। ডিস্ট্রিক্ট 75-এর শিক্ষার্থীদের সহাবস্থানকারী ভবনগুলোতে অভিগম্যতার জন্য বাড়তি সীমাবদ্ধতা রয়েছে কারণ তাদের ID কার্ডগুলোতে ভিন্ন DBN থাকে। সেই ভবনে আমাদের শিক্ষার্থীদের কোনো রেকর্ড নেই।" – উপদেষ্টা**

একজন NYC পাবলিক স্কুলস্ প্রাক্তনী একটি ডিপ্লোমা-ট্র্যাক গ্র্যাজুয়েশন পাথওয়েতে উত্তরণকালীন তার চ্যালেঞ্জগুলো শেয়ার করেছেন। তার শিক্ষায়তনিক সাফল্য থাকা সত্ত্বেও, সময়মতো তার IEP পুনর্মূল্যায়ন হয়নি, যা তাকে একটি ভিন্ন লক্ষ্য ও সুপারিশমালার দিকে নিয়ে যেতে এবং তাকে একটি ডিপ্লোমার ট্র্যাকে অবস্থান করাতে পারতো। যার ফলে তার চাকরি ঝুঁকিতে পড়ে গিয়েছিল।

শেষ পর্যন্ত, ডিস্ট্রিক্ট 75-এর শিক্ষার্থীর ফলাফল এবং কল্যাণের জন্য জবাবদিহিতা বৃদ্ধি করতে, প্যারেন্ট লিডার ও ইউনিয়নগুলোর সাথে সমন্বিত করে মানদণ্ড স্থাপন করার জন্য ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স উপদেষ্টাগণ NYC পাবলিক স্কুলস্-কে অনুরোধ করেছে। একজন উপদেষ্টা উল্লেখ করেছেন "যাতে নিশ্চিত করা যায় যে, প্রতিটি স্কুল 'এ টেল অভ টু সিটিজ'-এর কাহিনীর মতো বৈষম্যপূর্ণ নয় ...[এবং] সেখানে একটি বুনিয়াদি স্তরের শিক্ষা রয়েছে যা প্রত্যেক শিক্ষার্থী পেয়ে থাকে", সেজন্য জবাবদিহিতা গুরুত্বপূর্ণ।

এজেন্সি এজেন্সিতে থাকা এবং বাড়ি ও হাসপাতালে শিক্ষা-নির্দেশনাতে থাকা শিক্ষার্থীদের থেকে ফিরে আসার জন্য NYC পাবলিক স্কুলস্ কীভাবে আরো আন্তরিক পরিবেশের হতে পারে, তা নিয়ে চিন্তা-ভাবনা করতেও ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স উপদেষ্টাগণ সময় অতিবাহিত করেছেন। তারা পরামর্শ দিয়েছেন যে NYC পাবলিক স্কুলস্-কে "[NYC পাবলিক স্কুলস্]-এ ফিরে যেতে যা প্রয়োজন, সে ব্যাপারে আরো মনোযোগী হতে" এবং প্রেরক প্রতিষ্ঠানগুলো (যেমন হাসপাতাল, কারেকশনাল ফ্যাসিলিটিজ বা সংশোধন কেন্দ্র) থেকে তথ্য বিনিময়ের জন্য অনুরোধ করতে আরো চিন্তাশীল হতে হবে। এজেন্সিতে থাকা এবং বাড়ি ও হাসপাতালে শিক্ষা-নির্দেশনাতে থাকা ছেলেমেয়েদের জন্য, অধিভুক্ত স্কুলসমূহের পরিবারের সাথে যোগাযোগ বজায় রাখা, ছেলেমেয়েকে একটি "সদৃশ পাঠ্যক্রম" প্রদান করা, এবং স্কুলে ফেরার আগে ছেলেমেয়ের জন্য পুনরায় পরিচিত করানোর আয়োজন করতে হবে।

## স্কেল অ্যান্ড সাস্টেইন

স্কেল অ্যান্ড সাস্টেইন (সমতাবিধান ও টিকে থাকা) সাব-কাউন্সিলের প্রাথমিক লক্ষ্য ছিল NYC পাবলিক স্কুলস্ কীভাবে কার্যকর প্রোগ্রাম এবং পরিষেবা প্রদানের মডেলের জন্য আরো কৌশলগতভাবে এবং কার্যকরভাবে উপকরণ বরাদ্দ করতে পারে, তার উপর মতামত প্রদান করা। সাব-কাউন্সিলের সদস্যদের মধ্যে পিতামাতা, প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থী, স্কুল অ্যাডমিনিস্ট্রেটর, প্রতিনিধিত্বকারী সংগঠনসমূহের সদস্য, সরকারি কর্মকর্তা, এবং উচ্চ শিক্ষা বিশেষজ্ঞগণ অন্তর্ভুক্ত ছিলেন। সাব-কাউন্সিলটি স্বতন্ত্রভাবে প্রসেস অ্যান্ড পলিসি (প্রক্রিয়া এবং নীতি) সাব-কাউন্সিলের সহযোগিতায় স্পেশালাইজড্ প্রোগ্রামের আবেদন এবং প্লেসমেন্ট (স্থান পাওয়া)-এর নীতিমালা নিয়ে আলোচনা করার জন্য মিলিত হয়েছিল। স্কেল অ্যান্ড সাস্টেইন (সমতাবিধান করা ও বজায় রাখা) টিম উচ্চ-মান সম্পন্ন অন্তর্ভুক্তিমূলক প্রোগ্রামসমূহের জন্য সর্বজনীন মান নিয়ে আলোচনা করার জন্য বিষয়ের বিশেষজ্ঞ (শিক্ষক এবং উচ্চ শিক্ষা পেশাজীবী)-গণের সাথেও একটি ফোকাস গ্রুপ আয়োজন করেছিল।

## ইন্টারভিউ স্পটলাইট



**"অধিকতর চিকিৎসাগতভাবে শিখন প্রতিবন্ধিতা প্রকৃত অর্থে বোঝা এবং প্রতিবন্ধিতা বিজ্ঞান জানার জন্য আমাদের স্কুল নেতা এবং শিক্ষকদের প্রশিক্ষিত করার প্রয়োজন রয়েছে। আমাদের প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের সম্পর্কে শিক্ষক ও প্রিন্সিপালের চিন্তা-ভাবনার পরিবর্তন করা প্রয়োজন, স্বল্প, পিছিয়ে পড়া, আবেগজনিতভাবে প্রতিবন্ধী, [এবং] স্পেকট্রামে - [থেকে] ঐসব চাহিদা মেটাতে তারা কী করতে পারেন এবং কীভাবে শিক্ষার্থীরা তাদের শিখন পরিবেশে সফল হতে পারে। আমি শিক্ষকদেরকে দোষ দিচ্ছি না, এবং আমি মনে করি না বেশিরভাগ প্রাপ্তবয়স্ক এটা বিদ্বেষবশত করেন। এই কাঠামোতেই প্রক্রিয়াটি চলে আসছে। এটাই সে সামর্থ্য যা মানুষের আছে।"**

**– হ্যারি শেরম্যান (Harry Sherman)**

সুপারিনটেনডেন্ট, ডিস্ট্রিক্ট 9, NYC পাবলিক স্কুলস্
সদস্য, ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স সাব-কাউন্সিল, স্পেশাল এডুকেশন

| সমতাবিধান ও টিকে থাকা | | |
|---|---|---|
| **দীর্ঘ-মেয়াদি লক্ষ্য** | **প্রধান চালিকাশক্তি (প্রাইমারি ড্রাইভার)** | **অপ্রধান চালিকাশক্তি (সেকেন্ডারি ড্রাইভার)** |
| **স্কুলগুলো বাড়ির কাছের এবং অন্তর্ভুক্তিমূলক কাঠামোর শিক্ষার্থীদের চাহিদা পূরণের জন্য সজ্জিত।** | স্কুলগুলো বাড়ির কাছের এবং অন্তর্ভুক্তিমূলক কাঠামোর শিক্ষার্থীদের চাহিদা পূরণের জন্য সজ্জিত। | • সব স্কুলগুলোতে উচ্চ-মান সম্পন্ন অন্তর্ভুক্তিমূলক প্রোগ্রামসমূহের জন্য সর্বজনীন মান প্রতিষ্ঠা করা।<br>• উপকরণমূহের কৌশলগত বরাদ্দ এবং IEP-এর সাথে সামঞ্জস্য নিশ্চিত করতে সম্পর্কিত পরিষেবা প্রদানের মডেল উন্নত করা।<br>• আরো বেশি স্কুলে কার্যকর প্রোগ্রামসমূহের সমতাবিধানের জন্য কৌশল নির্ধারণ করা।<br>• আবেদন এবং স্থান পাওয়ার নীতিমালা কার্যকর প্রোগ্রামসমূহে অধিকতর অভিগম্যতা দেয়, সেটা নিশ্চিত করা। |

## সব স্কুলগুলোতে উচ্চ-মান সম্পন্ন অন্তর্ভুক্তিমূলক প্রোগ্রামসমূহের জন্য সর্বজনীন মান প্রতিষ্ঠা করা

উপদেষ্টা, ফোকাস গ্রুপের সদস্যবৃন্দ, এবং NYC পাবলিক স্কুলস্ চারটি ক্ষেত্র নিয়ে আলোচনা করেছিলেন যেগুলো বিশেষায়িত (স্পেশালাইজড্) প্রোগ্রাম এবং ডিস্ট্রিক্ট 75-এ সাফল্যজনক ফলাফল অর্জনের জন্য শিক্ষার্থীদের সহায়তা করেছে। সর্বজনীন মান স্কুল ও ক্লাসরুম পরিকল্পনায় শিক্ষার্থীদের শিক্ষায়তনিক, সামাজিক, এবং আবেগীয় চাহিদাগুলোকে কেন্দ্রীভূত করা এবং অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি লালন করার একটি কাঠামো (ফ্রেমওয়ার্ক)।

NYC পাবলিক স্কুলস্ উপদেষ্টা এবং ফোকাস গ্রুপের সদস্যদেরকে একগুচ্ছ খসড়া সর্বজনীন মান উপস্থাপন করেছিল। উপদেষ্টাগণ প্রস্তাবনায় সাড়া দিয়েছেন এবং সংশোধনের (নিচের তালিকায় নীল রংয়ে দৃষ্টিগোচর করা) সুপারিশ করেছেন:

| সুপারিশকৃত সংশোধনমালা | | | |
|---|---|---|---|
| **প্রশিক্ষণ এবং পেশাদারিত্ব উন্নয়ন** | **সহযোগিতামূলক চর্চাসমূহ** | **বাড়ি- স্কুল-কমিউনিটির যোগাযোগ** | **শিক্ষার্থীদের জন্য উচ্চ প্রত্যাশা** |
| শিক্ষক এবং রোগীর ক্লিনিককর্মীগণ NYC পাবলিক স্কুলস্-এর প্রাসঙ্গিকতার জন্য প্রস্তুত আছেন তা নিশ্চিত করার জন্য ইউনিভার্সিটির সাথে শক্তিশালী অংশীদারিত্ব<br><br>ভবনের সকল স্টাফের জন্য প্রাক-পরিষেবা ও চলমান পেশাদারিত্ব শিক্ষণ<br><br>সরাসরি ক্লাসরুমে পরামর্শ এবং কোচিং<br><br>দিন জুড়ে শিক্ষক ও প্রশিক্ষিত স্টাফের কাছে শিক্ষার্থীর অভিগম্যতা এবং তাদের কাছ থেকে সহায়তা | আন্তঃবিভাগীয় টিম মিটিং<br><br>উত্তরণ (ট্রানজিশন) সহায়তা<br><br>স্কুল ভবনের প্রশাসকগণ এবং কেন্দ্রীয় সহায়তা টিমের সাথে নিয়মিত মাসিক মিটিং | পরিবার এবং তত্ত্বাবধানকারীদের সাথে নিয়মিত এবং অব্যাহত যোগাযোগ<br><br>বিশেষায়িত প্রোগ্রামগুলোতে প্রবেশকারী নতুন শিক্ষার্থীদের জন্য বাড়ি পরিদর্শন<br><br>শিক্ষার্থীদেরকে সহায়তা করার জন্য কমিউনিটি সংগঠনগুলোর সাথে অংশীদারিত্ব | স্কুল স্টাফের সকল সদস্যের কাছ থেকে শিক্ষার্থীদের জন্য অব্যাহত, উচ্চ প্রত্যাশা |

উপদেষ্টাগণ বলেছেন যে সর্বজনীনভাবে বাস্তবায়নের জন্য এসব উপাদান ন্যূনতম পর্যন্ত বিবেচিত হওয়া উচিত, কিন্তু সেটা অতিক্রমের জন্য স্কুলগুলোর উচ্চাকাঙ্ক্ষী হওয়া উচিত। তারা পরামর্শ দিয়েছেন যে NYC পাবলিক স্কুলস্ এই মানগুলোকে কার্যকরভাবে বাস্তবায়ন করতে পারে এসবের মাধ্যমে:

- সর্বজনীন উপাদানসমূহ কীভাবে সব পর্যায়েই (যেমন, ডিস্ট্রিক্ট, স্কুল টিম, ক্লাসরুম পর্যায়ে) সহজে দেখা যায় সে ব্যাপারে পরিষ্কার নির্দেশনা প্রদান;
- সর্বজনীন পরিকল্পনা এবং কাঠামোবদ্ধ সাক্ষরতাকে একত্রীভূত করে, ফ্রেমওয়ার্ক (কাঠামো) এবং পাঠ্যক্রম সম্পর্কে আরো সুনির্দিষ্ট সুপারিশমালা অন্তর্ভুক্ত করা;
- অব্যাহত উন্নতির জন্য ড্যাটা বিশ্লেষণকে অন্তর্ভুক্ত করে, পর্যবেক্ষণ প্রক্রিয়াকে একত্রীভূত করা;
- এটা আবশ্যক করা যে সেক্রেটারি এবং জ্যানিটর থেকে জেনারেল এডুকেশন শিক্ষক এবং প্রিন্সিপাল পর্যন্ত বিল্ডিংয়ের প্রত্যেকে আত্মপ্রতিনিধিত্বকারী এবং যাপিত অভিজ্ঞতা সহ ব্যক্তিগণ কর্তৃক প্রদানকৃত পেশাদারিত্ব উন্নয়নে অংশগ্রহণ করবেন;
- পেশাদারিত্ব উন্নয়ন নিশ্চিত করার সাথে একীভূত হয় সক্ষমতা-ভিত্তিক মনোভাব, সর্বজনীন পরিকল্পনা, সহ-শিক্ষকতার পদ্ধতিসমূহ, পরিবার ও তত্ত্বাবধানকারীদের সাথে ইতিবাচক যোগাযোগ, এবং সক্ষমতা-ভিত্তিক IEP-সমূহ গঠন।
- "উচ্চ প্রত্যাশা"-র মানকে "যখন আমরা প্রত্যাশা নির্ধারণকালে যোগ্য বলে ধরে নেয়া" হিসেবে পুনর্গঠন করা।

উপদেষ্টাগণ NYC পাবলিক স্কুলস্-কে চাপ দিয়েছিলেন এটা নিশ্চিত করায় অধিক মনোযোগ দিতে যে, প্রতিবন্ধিতা-যুক্ত শিক্ষার্থীরা যেন বৃহত্তর স্কুল কমিউনিটিতে আরো ভালোভাবে একত্রীভূত এবং অন্তর্ভুক্ত হতে পারে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা যেন কোর্সে অভিগম্যতা থেকে পরিবহন, ফিল্ড ট্রিপ, এবং পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমে "কৌতুকের বস্তু" হিসেবে উপস্থাপিত হওয়ার স্থলে অংশগ্রহণের জন্য বিশেষ ব্যবস্থাসহ সহায়তাপ্রাপ্ত হয় এবং উৎসাহিত অনুভব করে।

### উপকরণসমূহের কৌশলগত বরাদ্দ এবং IEP-এর সাথে সামঞ্জস্য নিশ্চিত করতে সম্পর্কিত পরিষেবা–প্রদান মডেল উন্নত করা।

NYC পাবলিক স্কুলস্ শিক্ষার্থীর সাফল্য বৃদ্ধির জন্য উদ্ভাবনী পরিষেবা প্রদান মডেলের উপর অভিনিবিষ্ট তাদের সমন্বিত সম্পর্কিত পরিষেবাসমূহের[12] পরিকল্পনা নিয়ে চিন্তা-ভাবনা করতে উপদেষ্টাগণকে অনুরোধ করেছিলো। NYC পাবলিক স্কুলস্ ড্যাটা উপস্থাপন করেছিল যা দেখিয়েছিল যে, IEP-তে সম্পর্কিত পরিষেবাসমূহ আছে এমন বেশিরভাগ শিক্ষার্থী ক্লাসরুমের বাইরে একটি ভিন্ন অবস্থানে পরিষেবাসমূহ পেয়ে থাকে।[13] কিন্তু গবেষণায় দেখা যায় যে শিক্ষার্থীরা যখন তাদের স্বাভাবিক শিখন পরিবেশে পরিষেবাসমূহ পায়, সেটা অনেক ক্ষেত্রে হবে তাদের ক্লাসরুম, সেখানে তারা দক্ষতা সবচেয়ে ভালো শেখে এবং স্থানান্তর করে।[14] NYC পাবলিক স্কুলস্-এর সমন্বিত সম্পর্কিত পরিষেবাসমূহের পরিকল্পনার ভিত্তি হলো একটি দর্শন যা নিশ্চিত করে স্কুল কমিউনিটিগুলো শিক্ষার্থী সাফল্যের জন্য পরিষেবা প্রদান এবং জবাবদিহিতার একটি যৌথ পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থীর স্বাধীনতা লালন করে। এই পরিকল্পনার লক্ষ্য হলো (1) শিক্ষার্থীদের সহায়তা করতে অন্তর্ভুক্তিমূলক অভিজ্ঞতার জন্য বৃহত্তর সুযোগসমূহ সহজতর করা এবং স্কুল পরিবেশ জুড়ে সচেতনতা, জ্ঞান, ও অন্তর্ভুক্তিমূলক চর্চাসমূহ বৃদ্ধি করা; (2) অধিকতর শিক্ষার্থী স্বাধীনতা এবং শিক্ষার্থীর ফলাফল উন্নীতরকরণ পরিষেবায় উপকরণসমূহ কৌশলগতভাবে ব্যবহার করা; (3) হাই স্কুল–উত্তর ফলাফল আরও উন্নত করার জন্য হাই স্কুল শিক্ষার্থীদেরকে ভালোভাবে সহায়তাদানের প্রতি মনোযোগ দেওয়া।

উপকরণসমূহ আরও কৌশলগতভাবে ব্যবহারের এবং শিক্ষার্থীদের পরিষেবা প্রদান উন্নত করার জন্য, NYC পাবলিক স্কুলস্ স্টাফ সম্পর্কিত পরিষেবাসমূহ প্রদানকারী (রিলেটেড সার্ভিসেস প্রোভাইডার, RSP) 'স্টাফিং মডেল' পরিবর্তনের ধারণা উপস্থাপন করেছে। বর্তমান পরিকল্পনায়, শিক্ষার্থীদেরকে পরিষেবা প্রদানের জন্য প্রোগ্রামে প্রোভাইডার (প্রদানকারী) নিয়োগ দেওয়া হয় এবং অবস্থানের স্থলে নির্ধারি প্রোগ্রামে দায়িত্ব দেওয়া হয়। ফলাফল হিসেবে, একই ভবনে সম্পর্কিত পরিষেবাসমূহের নিয়মিত ব্যবস্থাপনার জন্য একটি একক স্কুলে একাধিক "রেস্পন্সিবিলিটি সেন্টার" থাকতে পারে। উপরন্তু, বিভিন্ন কারণে, যেসব শিক্ষার্থীকে সম্পর্কিত পরিষেবাসমূহের জন্য সুপারিশ করা হয় তাদেরকে সবসময় তাদের IEP-তে প্রদর্শিত গ্রুপের আকারে দেখা যায় না, যার ফলে পরিষেবাসমূহ প্রদান করা হয় একটি অতিরিক্ত নিবিড় পরিবেশে এবং প্রোভাইডার (প্রদানকারী) সামর্থ্যে যা সর্বোচ্চ সম্প্রসারিত নয় এবং IEP-এর বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে শিক্ষার্থীদের সুযোগগুলোর উপর প্রভাব বিস্তারকারী।

## ইন্টারভিউ স্পটলাইট



**"প্রক্রিয়াতে কাজ করা প্রত্যেকে তাই করছেন যা আমরা তাদেরকে করতে শিখিয়েছি। আমাদের এটা বলা সহজতর করতে হবে: 'আমি যা শিখেছিলাম তা করেছি, কিন্তু আমার ভিন্ন কিছু করা প্রয়োজন।' এখন যেহেতু আমি পার্থক্যটা জানি, তাহলে করুণা প্রদর্শন [যেখানে] ও লজ্জাবোধ ছাড়া আমরা আরো ভালো করতে পারি, তেমন প্রক্রিয়াসমূহ কীভাবে গড়ে তুলতে পারি?"**

**– ক্রিস্টি প্যাটেন (Kristie Patten)**

প্রেসিডেন্টের কাউন্সেলর,
অকুপেশনাল থেরাপির প্রফেসর, NYU

এই মডেল এবং চর্চার সংস্কারের জন্য, NYC পাবলিক স্কুলস্ উপদেষ্টাগণকে অনুরোধ করেছিল একটি পাইলট অ্যাসাইনমেন্ট মডেল বিবেচনা করার জন্য যাতে প্রোগ্রামের ধরন নির্বিশেষে RSP-গণ স্কুলে সকল শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করেন। NYC পাবলিক স্কুলস্ এই অন্তর্ভুক্তিমূলক ক্যাম্পাস মডেলের সুবিধাসমূহে এগুলো অন্তর্ভুক্ত করার প্রত্যাশা করে:

- RSP কেসগুলোতে দক্ষতা;
- IEP সুপারিশমালার ভিত্তিতে শিক্ষার্থীদেরকে  দলগত অধিবেশনে পরিষেবা দেয়ার আরও বেশি সুযোগ;
- RSP-এর কম ভ্রাম্যমানতা;
- একাধিক স্থান (সাইট)-এ ভ্রমণ করতে গিয়ে কম সময় ব্যয় হওয়া এবং বর্ধিতসংখ্যক পরিষেবার কেস;
- অন্তর্ভুক্তিমূলক ও সমন্বিত IEP সুপারিশমালাকে সহায়তা দিতে বর্ধিত প্রদানকারী (প্রোভাইডার)-এর নিরবচ্ছিন্নতা; এবং
- ব্যবস্থাপনা ও যোগাযোগস্থল সুসংসহত করায় স্কুল নেতৃবৃন্দের জন্য লোকসংখ্যা হ্রাস করা।

উপদেষ্টাগণ বলেছেন যে সম্পর্কিত পরিষেবাসমূহ প্রদান করার জন্য বর্তমান মডেলটি সেকেলে। বেশ কয়েকজন উপদেষ্টা অভিজ্ঞতাসমৃদ্ধ শিক্ষার্থীদের উদাহরণ প্রদান করেছেন, যারা সম্পর্কিত পরিষেবাসমূহের অ্যাপয়েন্টমেন্ট-এর জন্য ক্লাস থেকে নিয়ে যেতে হয়েছে বলে লজ্জা এবং অস্বস্তি প্রকাশ করেছে। উপদেষ্টাগণ একমত হয়েছেন যে ক্লাসরুম-অভ্যন্তরে, সম্পর্কিত পরিষেবার সমন্বিত ধারা তাত্ত্বিকভাবে অর্থবোধ্য হয়, এবং তারা NYC পাবলিক স্কুলস্-কে পরিকল্পনাটি পরিমার্জন ও বাস্তবায়নকালে নিচের বিষয়গুলো বিবেচনার জন্য উৎসাহিত করেছেন:

- সম্পর্কিত পরিষেবাসমূহের পরিবর্তন বিষয়ক সিদ্ধান্ত স্কুলগুলোর পরিবারদের সাথে মিলিতভাবে নেওয়া উচিত: একজন উপদেষ্টা বলেছেন, “টিম কী ভাবছে, সে বিষয়ে পিতামাতার শোনার জন্য IEP মিটিং হওয়া উচিত সর্বশেষ স্থান, প্রথম স্থান নয়"। সে নিয়মটি মেনে নিলে পরিবারবর্গ এবং স্কুলগুলোর মধ্যে আস্থা গড়ে উঠতে পারে।
- পরিবর্তনকে ঘিরে উদ্বেগ দূর করার জন্য পিতামাতাদের সাথে RSP-দের সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।
- স্থানান্তরের বছরে কোন বাধ্যতামূলকপরিবর্তন এড়িয়ে চলা। এর পরিবর্তে, NYC পাবলিক স্কুলস্ স্টাফ-এর নিশ্চিত করা উচিত যেন তার বাধ্যতামূলক পরিবর্তনের আগে আস্থা গড়ে তোলেন এবং ছেলেমেয়েটি সম্পর্কে জানেন।
- স্কুল স্টাফের "IEP-কে একটি সক্রিয় নথি হিসেবে স্বীকৃতি দেয়া, পরিবর্তনযোগ্য হওয়া, এবং পুনরায় দেখার অফার করা" এবং সহপাঠীদের সম্পাদনা বা টিউটরিং করার মতো সৃজনশীল সমাধানগুলো বিবেচনা করা উচিত।
- NYC পাবলিক স্কুলস্-এর স্কুল কাঠামোগুলোর উন্নয়নের উপর স্কুল নেতৃবৃন্দকে নির্দেশনা প্রদান করতে হবে যা বিশেষ করে সন্নিবেশিত স্কুলগুলোতে শিক্ষক, সম্পর্কিত-পরিষেবা প্রদানকারী, এবং পরিবারদের মধ্যে সহযোগিতার জন্য নিয়মিত সময় নিশ্চিত করে।
- উপদেষ্টাগণ সতর্ক করেছেন যে শুধু পিতামাতা ও পরিবারবর্গই এমন নন যাদের কোনো প্রস্তাবিত পরিবর্তনের জন্য প্রস্তুত থাকতে এবং প্রশিক্ষিত হতে হবে। একটি অন্তর্ভুক্তিমূলক পরিবেশে কীভাবে আন্তরিক ও সুন্দর পরিবেশ তৈরি করতে হয়, IEP মিটিং পরিচালনা করতে হয়, কার্যকর IEP লক্ষ্যমাত্রা গড়ে তুলতে হয়, এবং সম্পর্কিত পরিষেবাসমূহ বাস্তবায়ন করতে হয়, তার উপর শিক্ষক, স্কুল নেতৃবৃন্দ, এবং RSP-গণের নিয়মিত প্রশিক্ষিত হওয়াকে NYC পাবলিক স্কুলস্-এর আবশ্যক করা উচিত।
- সম্পর্কিত পরিষেবাসমূহ প্রদানের মডেলের কোনো পরিবর্তন প্রথম বাস্তবায়ন করা উচিত পাইলট সাইটগুলোতে, যেখানে সহাবস্থানকৃত স্কুলগুলোর প্রিন্সিপালগণ সহযোগিতায় নিবেদিত, এবং পাইলট-এর কার্যকারিতা বোঝার জন্য ড্যাটা ট্র্যাকিং প্রয়োগ করা যেতে পারে।
- হাই স্কুল পর্যায়ে, উপদেষ্টাগণ একমত হয়েছেন যে, যে NYC পাবলিক স্কুলস্-এর উচিত হাই স্কুল পরবর্তী জীবনে মনোনিবেশের জন্য সম্পর্কিত পরিষেবাসমূহকে পরিবর্তন করা, এবং শিক্ষার্থীদের উচিত তাদের পরিচিতির অধিকারী হয়ে ও তাদের জন্য অর্থপূর্ণ IEP লক্ষ্যমাত্রার সহঃনির্মাণতা হয়ে ক্ষমতায়িত বোধ করা।

## আরও বেশি স্কুলে কার্যকর বিশেষায়িত (স্পেশালাইজড্) প্রোগ্রামসমূহে সমতাবিধানের জন্য কৌশল নির্ধারণ করা

সবগুলো স্কুল উচ্চ-মান সম্পন্ন অন্তর্ভুক্তিমূলক প্রোগ্রামসমূহের সর্বজনীন মান পূরণ করছে এবং শিক্ষার্থীদের সম্পর্কিত পরিষেবাকে উন্নত করছে, তা নিশ্চিত করার পাশাপাশি, চাহিদার ভিত্তিতে ডিস্ট্রিক্ট 1–32 স্কুলগুলোর বিশেষায়িত (স্পেশালাইজড) প্রোগ্রামসমূহে কীভাবে ন্যায়সঙ্গতভাবে অভিগম্যতা বাড়ানো যায়, সে বিষয়ে NYC পাবলিক স্কুলস্ 'স্কেল অ্যান্ড সাস্টেইন'  এবং 'প্রসেস অ্যান্ড পলিসি' সাব-কাউন্সিল উভয়টিতেই উপদেষ্টাগণকে সংশ্লিষ্ট করেছিল। অটিস্টিক শিক্ষার্থীদের [15] বর্ধিষ্ণু জনসংখ্যার কথা মাথায় রেখে, আলোচনাটি নিবদ্ধ হয়েছিল নেস্ট এবং হরাইজন (এসব প্রোগ্রামের বিবরণের জন্য সংযুক্তি 3 দেখুন) সহ সফল অটিজম প্রোগ্রামগুলো কীভাবে সম্প্রসারণ করা যায় তার উপর।

অভ্যন্তরীণ উপাত্ত বিশ্লেষণের ভিত্তিতে, NYC পাবলিক স্কুলস্ বিশ্বাস করে যে 12,200 জনের বেশি শিক্ষার্থী হয়ত একটি স্পেশালাইজড্ অটিজম প্রোগ্রামে (সংযুক্তি 4 দেখুন) আরো ভালোভাবে পরিষেবিত হতে পারে। স্টাফ আইনি অভিযোগ প্রক্রিয়ার উপাত্তও উপস্থাপন করেছেন যা, অংশত প্রদর্শন করে যে, এমন অভিযোগগুলোর বড় অংশই দায়ের করা হয়েছে সেসব শিক্ষার্থীর পক্ষ থেকে যারা কখনো পাবলিক স্কুল সিস্টেমে এনরোল হয়নি।[16] NYC পাবলিক স্কুলস্ পর্যবেক্ষণ করেছে যে, ঐতিহাসিকভাবে, স্পেশালাইজড্ প্রোগ্রামসমূহে বিনিয়োগ সেসব ডিস্ট্রিক্টে ফোকাস হয়েছে যেখানে পিতামাতার আগ্রহ বেশি অথবা যেখানে বেশি সংখ্যায় আইনি প্রক্রিয়ার অভিযোগ রয়েছে। কিন্তু সাম্প্রতিক বছরগুলোতে, NYC পাবলিক স্কুলস্ সমতার ব্যবধান ঘুচানোর দিকে মনোযোগ পরিবর্তন করেছে। NYC পাবলিক স্কুলস্ উপস্থাপিত উপাত্ত নিয়ে চিন্তাভাবনা করতে এবং পরিকল্পিত সম্প্রসারণের উপর মতামত দিতে উপদেষ্টাগণকে অনুরোধ করেছিল। উপাত্তের ভিত্তিতে, উপদেষ্টাগণ বলেছেন যে ব্রংক্স এবং কুইন্সের কিছু সুনির্দিষ্ট ডিস্ট্রিক্টে নেস্ট প্রোগ্রাম সম্প্রসারণ করার প্রয়োজন রয়েছে।[17]

উপদেষ্টাগণ অন্য ধরনের প্রতিবন্ধিতা, যেমন সুনির্দিষ্ট শিখন প্রতিবন্ধিতার জন্য স্পেশালাইজড্ প্রোগ্রামসমূহ সম্প্রসারণের প্রয়োজন সম্পর্কেও অনুসন্ধান করেছেন, এবং যারা অটিস্টিক নয় এমন যেসব শিক্ষার্থীর স্পেশালাইজড্ প্রোগ্রামসমূহে আরো বেশি মাত্রায় অভিগম্যতার প্রয়োজন হতে পারে, তাদের জন্য প্রোগ্রামের ধারণক্ষমতার উপর খেয়াল রাখতে NYC পাবলিক স্কুলস্-কে উৎসাহিত করেছেন।

## নিশ্চিত করা যে আবেদন এবং স্থান দেওয়ার নীতিমালা কার্যকর প্রোগ্রামসমূহে আরও বেশি করে অভিগম্যতা দেয়

সংস্কারের একটি অভিনিবেশ হিসেবে অটিজম প্রোগ্রামগুলোর জন্য আবেদন প্রক্রিয়ার উপর উপদেষ্টাগণ দৃষ্টি নিবদ্ধ করেছেন। বর্তমানে, শিক্ষার্থীরা IEP প্রক্রিয়ার বাইরে নেস্ট বা হরাইজন প্রোগ্রামগুলোতে আবেদন করে। স্কুল স্টাফ বা পরিবারবর্গ আবেদন প্রক্রিয়ার সূত্রপাত করতে পারেন। আবেদনপত্রগুলো এরপর অটিজম প্রোগ্রাম ম্যানেজারগণ কর্তৃক পর্যালোচিত হয়, যারা IEP, মূল্যায়ন (অ্যাসেসমেন্ট এবং ইভ্যালুয়েশন), এবং 'প্রগ্রেস নোট' মূল্যায়ন করেন। প্রোগ্রাম ম্যানেজারগণ পিতামাতা বা তত্বাবধানকারী, ক্লাসরুম শিক্ষক, এবং RSP-গণের ইন্টারভিউ নেন এবং শিক্ষার্থীদের শিক্ষায়তনিক পরিবেশে একটি ক্লাসরুম পর্যবেক্ষণের সময়সূচি ঠিক করেন।

**"পিতামাতাগণ জানেন না তাদের সন্তানের জন্য কী কী বিকল্প লভ্য, এবং স্কুল IEP টিমগুলো প্রায়শই নিজেরাই তা জানে না অথবা তারা খুবই বাছাই করা তথ্য জানান। প্রায়শই আমি পিতামাতা এবং প্রতিনিধিত্বকারীদের কাছ থেকে শুনি যে, IEP টিমগুলো অটিস্টিক শিক্ষার্থীদের বেছে নেওয়ার জন্য বিকল্প অটিজম প্রোগ্রামগুলোর আলোচনা করে না। –উপদেষ্টা**

উপদেষ্টাগণ প্রশ্ন করেছেন স্পেশালাইজড্ অটিজম প্রোগ্রামসমূহের জন্য আবেদন প্রক্রিয়াটি কেন গতানুগতিক IEP প্রক্রিয়ার বাইরে ঘটে এবং সুপারিশ করেছেন যেন NYC পাবলিক স্কুলস্ এসব করে:

- পরিবার এবং স্কুল স্টাফকে নেস্ট এবং হরাইজন প্রোগ্রামগুলোর জন্য যোগ্যতা সম্পর্কে স্পষ্ট এবং স্বচ্ছ তথ্য প্রদান। বেশ কয়েকজন উপদেষ্টার স্কুল "গেটকিপার" সম্পর্কে ব্যক্তিগত অভিজ্ঞতা ছিল বা এদের সম্পর্কে জানতেন, তারা ছেলেমেয়েদের আচরণগত বিষয়ের কারণে পরিবারদেরকে আবেদন করতে নিরুৎসাহিত করেছিলেন এবং প্রক্রিয়াটিকে প্রতিকূল করে তুলেছিলেন।
- একটি নির্দিষ্ট ছেলেমেয়ের জন্য প্রতিটি প্রোগ্রামের যথাযথতা নির্ণয়ের জন্য পরিবার এবং স্টাফকে সাহায্য করতে একটি প্রশিক্ষণ এবং ফ্লোচার্ট তৈরি করা। সেই লক্ষ্যে, NYC পাবলিক স্কুলস্-এর স্পেশালাইজড্ প্রোগ্রামসমূহ সম্পর্কে তথ্য "ওয়েবসাইটে দৃষ্টির আড়ালে হারিয়ে যাওয়া একটি PDF"-এর পরিবর্তে, আরও সহজলভ্য করতে হবে।

## প্রসেস অ্যান্ড পলিসি

প্রসেস অ্যান্ড পলিসি (প্রক্রিয়া এবং নীতি) সাব-কাউন্সিলের প্রাথমিক লক্ষ্য ছিল দ্বন্দ্ব নিরসনের জন্য প্রক্রিয়াসমূহ, যা শিক্ষার্থী এবং পরিবারদের জন্য ন্যায়সঙ্গত, উপাত্তনির্ভর সমাধানে পৌঁছানো সহজ করতে সহায়কে, সেটার উপস্থিতি NYC পাবলিক স্কুলস্ কীভাবে নিশ্চিত করতে পারে, তার উপর মতামত দেয়া। সাব-কাউন্সিলের সদস্যদের মধ্যে পিতামাতা, স্কুল অ্যাডমিনিস্ট্রেটর, প্রতিনিধিত্বকারী সংগঠনসমূহের সদস্য, আইনজীবী এবং সরকারি কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত ছিলেন। সাব-কাউন্সিলটি স্বাধীনভাবে, এবং উপরের সেকশনের সারসংক্ষেপ অনুযায়ী 'স্কেল অ্যান্ড সাস্টেইন' সাব-কাউন্সিলের সাথে যৌথভাবে স্পেশালাইজড্ প্রোগ্রামের আবেদন এবং প্লেসমেন্ট নীতিমালা নিয়ে আলোচনায় মিলিত হয়েছে।

### **তত্ত্বকে রূপায়ন** করা

**টাউনসেন্ড হ্যারিস হাই স্কুলে সম্পর্কিত পরিষেবাসমূহের সংস্থান**



**"আমাদের পিরিয়ডগুলো 50 মিনিট দীর্ঘ, এবং আমাদের সম্পর্কিত পরিষেবাসমূহ 40 মিনিটের [পরিবারের অনুরোধ বা চাহিদার উপর নির্ভর করে কখনো কখনো 30 মিনিট], সুতরাং তারা লাঞ্চ পায় এবং পরিষেবাসমূহে যায়। অনেক পরিষেবা আছে এমন শিক্ষার্থীদের জন্য, আমরা তাদেরকে দিবস চলাকালীন একটি ফ্রি পিরিয়ড দেই যেন তারা অফ পিরিয়ডে (পিরিয়ড না থাকাকালীন সময়ে) সম্পর্কিত পরিষেবাসমূহে পেতে পারে। আমরা কখনোই কোনো ছেলেমেয়েকে ক্লাস থেকে বের করে আনবো না কারণ তারা অবশ্যই পিছিয়ে পড়বে।**

**"আমাদের থেরাপিস্টগণ সবসময়ই শিক্ষার্থীদের বর্তমান কাজকে সূচনা বিন্দু হিসেবে ব্যবহার করেন [বিশেষ করে স্পিচ] এবং গুগল ক্লাসরুমে অভিগম্যতা পেতে অথবা কী বাকি আছে, এবং কোন কাজটি করতে হবে, এবং কোন দক্ষতাগুলো নিয়ে কাজ করা প্রয়োজন, সেসবের ধারণা পেতে সরাসরি শিক্ষকদের সাথে যোগাযোগ করেন। স্পিচ-এর লক্ষ্য পরিকল্পনা করার জন্য আমাদের শিক্ষকগণ স্পিচ থেরাপিস্টদের সাথেও কাজ করেন।**

**"হাই স্কুল পর্যায়ে, সম্পর্কিত পরিষেবাসমূহ প্রোগ্রামসমূহের মধ্যে প্রোথিত থাকতে পারে।"**

**– জর্জিয়া জিয়ান্নিকোউরিস ব্র্যান্ডেইস (Georgia Giannikouis Brandeis)**

অ্যাসিসট্যান্ট প্রিন্সিপাল, টাউনসেন্ড হ্যারিস হাই স্কুল
সদস্য, স্কেল অ্যান্ড সাস্টেইন সাব-কাউন্সিল

| প্রসেস অ্যান্ড পলিসি (প্রক্রিয়া এবং নীতি) | | |
|---|---|---|
| দীর্ঘ-মেয়াদি লক্ষ্য | প্রধান চালিকাশক্তি (প্রাইমারি ড্রাইভার) | অপ্রধান চালিকাশক্তি (সেকেন্ডারি ড্রাইভার) |
| **স্কুলগুলো বাড়ির কাছের শিক্ষার্থীদের চাহিদা পূরণ করার জন্য এবং সর্বোচ্চ যতটুকু সম্ভব অন্তর্ভুক্তিমূলক পারিপার্শ্বিকতায় সজ্জিত** | দ্বন্দ্ব নিরসনের জন্য প্রক্রিয়াসমূহ বিদ্যমান শিক্ষার্থী ও পরিবারদের জন্য ন্যায়সঙ্গত, উপান্ত-নির্ভর ফলাফলে পৌঁছানো সহজ করতে সহায়ক। | নিশ্চিত করা যে IEP মিটিংগুলো আরো বেশি সহযোগিতামূলক এবং ফলস্বরূপ এমন IEP হয় যেগুলো শিক্ষার্থীর চাহিদার সাথে ভালোভাবে-মানানসই। |

## নিশ্চিত করা যে IEP মিটিংগুলো আরও সহযোগিতামূলক এবং এর ফলে IEP যেন শিক্ষার্থীর চাহিদার সাথে ভালোভাবে-মানানসই

একটি সফল IEP মিটিং কেমন অনুভূত হয়, কী কী প্রতিবন্ধক সাফল্যে বাধা দিচ্ছে, এবং কঠোরতার ক্ষেত্রগুলো মোকাবেলার জন্য উদীয়মান ধারণার উদ্ভাবনার সাথে তারা কীভাবে সাড়া দেবেন, সেসব বিনিময়ের জন্য NYC পাবলিক স্কুলস্ উপদেষ্টাগণকে অনুরোধ করেছে। সমস্যা-সমাধান এবং গভীর চিন্তাভাবনার জন্য একটি ভিত্তি হিসেবে, উপদেষ্টাগণ এবং স্টাফ একমত হয়েছেন যে পরিবারবর্ ও স্কুলগুলোর মাঝে আস্থা ভেঙ্গে পড়ে যখন:

- পিতামাতাগণ শিক্ষক এবং বিশেষজ্ঞগণের দ্বারা ভারাক্রান্ত বোধ করেন যখন তারা মূল্যায়ন প্রতিবেদন, মিটিংয়ের টেবিলে, এবং খোদ IEP-তে তাদের সন্তানের দুর্বলতার প্রতি মনোনিবেশ করেন
- পিতামাতাগণ একটি স্কুল টিমের বিপক্ষে একাকী বোধ করেন, এবং স্কুল টিমের সদস্যগণ হয়ত অপর্যাপ্তভাবে সচেতন বা সহায়ক
- পিতামাতাগণ অনুভব করেন যে স্কুল টিমের সদস্যদের অর্থনৈতিক, কর্মী সংক্রান্ত, এবং উপকরণের মতো স্বার্থের দ্বন্দ্ব এবং সময়ের স্বল্পতা রয়েছে যা তাদেরকে একটি প্রোগ্রাম, পরিষেবা, অথবা পদ্ধতি সুপারিশ করা থেকে বিরত রাখে
- স্কুল টিমগুলো সবসময় পরিবারদেরকে পরিষেবা এবং শিক্ষার্থীর চাহিদার মধ্যে সংযোগ বোঝার জন্য যথেষ্ঠভাবে প্রস্তুত করছে না, যা একজন শিক্ষার্থীর জন্য সেরা পরিষেবা প্রদানের মডেলের জন্য মতানৈক্যের দিকে নিয়ে যায়
- স্কুলগুলো ধারাবাহিকতার এবং এটির নমনীয়ভাবে বাস্তবায়নযোগ্যতার ভুল ব্যাখ্যা করে
- স্কুল এবং পরিবারের মধ্যে অতীতের খারাপ অভিজ্ঞতা চলমান সম্পর্কের অবনতি ঘটায়

## ইন্টারভিউ স্পটলাইট



**"আমাদের একটি আন্তরিক পরিবেশ —যেখানে সহযোগিতা এবং স্বচ্ছতা বজায় থাকে, তেমন পরিবেশ সৃষ্টি করার প্রয়োজন, যা পিতামাতাদেরকে তাদের সন্তানদের সাথে সহ-শিক্ষক এবং শিক্ষার্থী হতে উৎসাহিত করবে। আমরা জানি যে শিক্ষকদের কাছে সব উত্তর নেই। মানুষ হিসেবে, আমরা কখনো কখনো ভুল করবো অথবা ভুল বুঝবো। কিন্তু আমাদের অবশ্যই এমন একটি ইচ্ছা থাকতে হবে, যা আমাদের ভুল স্বীকার করার, আরো ভালো করার জন্য কাজ করার, এবং — যা পরিবার ও ছেলেমেয়েদের সক্ষম করে গড়ে তুলে এবং তাদের ঘাটতির দিকে বেশি মনোযোগ না দিয়ে ব্যর্থতা ও ভুলগুলোর জন্য অভিনন্দিত করে এবং সেগুলোর জন্য নিন্দা করে না, এমন একটি জায়গা তৈরি করার।"**

**– ড. সানায়ি বেকল্‌স-ক্যান্টন (Sanayi Beckles-Canton)**

সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশনের কো-প্রেসিডেন্ট
সদস্য, পলিসি অ্যান্ড প্রসেস, অ্যাডভাইজরি সাব-কাউন্সিল

NYC পাবলিক স্কুলস্ সহযোগিতামূলক IEP টিম মিটিংগুলো পরিচালনা করার, এবং যেসব দ্বন্দ্বের উদ্ভব হতে পারে সেসব নিরসনের জন্য বিদ্যমান পদ্ধতির উপর তথ্য উপস্থাপন করেছে যার মধ্যে রয়েছে ডিস্ট্রিক্ট প্রতিনিধি এবং IEP টিম-এর পিতামাতা সদস্যদের তালিকাভুক্তি, মধ্যস্থতা, IEP পরিচালনা, এবং স্পেশাল এডুকেশন ইনবক্স। প্রতিটির জন্য, NYC পাবলিক স্কুলস্ সুবিধা এবং সীমাবদ্ধতা পর্যবেক্ষণ করেছে।[18]

বিদ্যমান কার্যসাধন-পদ্ধতিগুলোর সীমাবদ্ধতাসমূহ মোকাবেলার, এবং আরও সহযোগিতামূলক ও সফল IEP মিটিং-এর জন্য পথ তৈরি করতে, NYC পাবলিক স্কুলস্ উদ্ভাবনের বেশ কিছু ধারাবাহিক ধারণা উপস্থাপন করেছে:

**উদ্ভাবনের জন্য ধারণা**

| বিবেচনা করার জন্য ধারণা | এটা কিসের সমাধান করে? |
|---|---|
| **নতুন IEP পিতামাতা সদস্য সংগ্রহ, প্রশিক্ষণ, এবং সহায়তায় বিনিয়োগ, যার মধ্যে রয়েছে:**<br>• **IEP পিতামাতা সদস্য প্রশিক্ষণের প্রচার করা**<br>• **IEP পিতামাতা সদস্যদের জন্য বিকল্প ক্ষতিপূরণের সুযোগ সন্ধান করা** | প্রশিক্ষিত IEP পিতামাতা সদস্যদের মধ্য থেকে পিতামাতাদের প্রতিনিধিত্ব করা, যারা NYC পাবলিক স্কুলস্-এর স্পেশাল এডুকেশন প্রোগ্রামসমূহের পরিসর ও পরিষেবাসমূহ, এবং কীভাবে ব্যবস্থাটিতে কাজ করতে হয় তা বোঝেন, তারা এগুলো করবেন:<br>• পিতামাতাদের অনভিজ্ঞতা এবং বিচ্ছিন্নতার অনুভূতি লাঘব করা।<br>• পরিষেবাসমূহের ব্যাখ্যা করা এবং শিক্ষার্থীর চাহিদা ও উপকরণের সমস্যাবলী মোকাবেলা করার জন্য উদ্ভাবনী পন্থা গড়ে তুলতে স্কুল টিমগুলোকে দায়বদ্ধ করা। |
| **ডিস্ট্রিক্ট প্রতিনিধিদের প্রশিক্ষণ এবং সহায়তায় বিনিয়োগ করা** | হয় স্কুল টিমের পক্ষ থেকে কাজ করা অথবা পিতামাতাদেরকে তাদের বিকল্পসমূহ সম্পর্কে পর্যাপ্ত পরামর্শ না দেয়ার পরিবর্তে, ডিস্ট্রিক্ট প্রতিনিধিদের আলাপ-আলোচনাকারী এবং কাজ সহজতরকারী হওয়া উচিত যারা IEP মিটিংগুলোতে ঐকমত্য গড়ে তুলতে সাহায্য করেন, পিতামাতাদের কাছে আলোচ্য বিষয় ও ব্যাখ্যাবলী অভিগম্য করে তোলেন, একটি সামর্থ্য-ভিত্তিক পদ্ধতি নিশ্চিত করেন, এবং খোলা মন ও সৃজনশীলতার সাথে পিতামাতার অনুরোধগুলোর উপর কাজ করেন। |
| **IEP মিটিং পরবর্তী পিতামাতার সন্তুষ্টি জরিপ** | IEP মিটিংয়ে প্রদানকৃত যত্নের মানে-এর উপর সরাসরি মতামত দানের সুযোগ দেয়। ফলাফলসমূহ সিটিব্যাপী পেশাদার শিখনের প্রচেষ্টাগুলো সম্পর্কে ধারণা দিতে পারে। |
| **একটি বহুমুখী সর্বজনীন প্রচারাভিযানের মাধ্যমে একটি বিকল্প হিসেবে মধ্যস্থতার সুযোগ সম্পর্কে সচেতনতা জাগানো** | একটি কার্যকর বিকল্প দ্বন্দ্ব নিরসনের প্রক্রিয়া সম্পর্কে সচেতনতা গড়ে তোলা যা স্কুল এবং পিতামাতা উভয় পক্ষকে শিক্ষার্থীর চাহিদা মেটাতে তাদের পুরনো অবস্থান থেকে বেরিয়ে আসতে সাহায্য করে। |
| **যখন ঐকমত্যে পৌঁছানো যায় না তখন NYC পাবলিক স্কুলস্ IEP মিটিং শেষে পিতামাতাদের কাছে নিজে থেকে সক্রিয় হয়ে মধ্যস্থতার সুপারিশ করছে** | ডিস্ট্রিক্ট প্রতিনিধিগণ স্বীকার করেন যে যোগাযোগ করা ও ঐকমত্যে পৌঁছানোয় অপর্যাপ্ততা রয়েছে এবং পিতামাতাদেরকে একটি আইনি প্রক্রিয়ার অভিযোগ দায়ের করা ব্যাতীত দ্বন্দ্ব নিরসনের জন্য একটি প্রক্রিয়ার সুযোগ দেন। |

তদুপরি, NYC পাবলিক স্কুলস্ দ্বন্দ্ব নিরসনে সাহায্য করার জন্য আইনজীবী-নন এমন প্রতিনিধিত্বকারীদের ব্যবহারের প্রস্তাব করেছে। দ্বন্দ্ব নিরসনে প্রশিক্ষণপ্রাপ্ত এই প্রতিনিধিত্বকারীগণ IEP মিটিংগুলো ও মধ্যস্থতার সময় এবং এমনকি একটি আইনি প্রক্রিয়ায় অভিযোগ দায়েরের পরেও, গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

উপদেষ্টাগণ তাদেরকে মতামত শুনে ও বিবেচনার পর NYC পাবলিক স্কুলস্-এর প্রস্তাবনাগুলো সম্পর্কে প্রবল উৎসাহী ছিলেন। বাস্তবায়নে সহায়তা করার জন্য, উপদেষ্টাগণ সুপারিশ করেছিলেন যে NYC পাবলিক স্কুলস্ যেন এগুলো করে:

- নিশ্চিত করা যে IEP মিটিংগুলোতে সমস্যা সমাধানের জন্য আইনি প্রক্রিয়ায় অভিযোগ দায়েরের পরিবর্তে প্রক্রিয়াগুলোতে অংশগ্রহণের বিষয়ে পিতামাতা, তত্ত্বাবধানকারী, এবং স্টাফগণ জানেন, যথাযথ প্রশিক্ষণ পান, এবং প্রণোদনাপ্রাপ্ত হন।
- পিতামাতা এবং তত্ত্বাবধানকারীদের কাছে এই বার্তা পৌঁছে দেয়া যে তাদের প্রশ্ন এবং উদ্বেগ নিরসনের জন্য মধ্যস্থতা একটি কম বিবাদমূলক এবং প্রতিকূল পন্থা। মধ্যস্থতাকৃত সমাধানগুলোর যথাযথ বাস্তবায়নই অপরিহার্য হবে।
- IEP টিমগুলোকে কৌশল, উপকরণ, এবং একটি সমস্যা-সমাধানকারী মনোভাব দিয়ে প্রস্তুত করা যেন তারা সমাধানের জন্য সবচেয়ে টেকসই বিকল্প হিসেবে আইনি প্রক্রিয়া অভিযোগ দায়েরের পন্থা অবলম্বনের পরিবর্তে গতানুগতিকতার বাইরে চিন্তা করতে পারে।
- একজন শিক্ষার্থীর স্থানীয় পাবলিক স্কুল যেন কোনো সুপারিশকৃত মধ্যস্থতার সুযোগ দিতে এবং বাস্তবায়ন করতে পারে তা নিশ্চিত করতে সহায়তা প্রদান করা। প্রসঙ্গক্রমে, উপদেষ্টাগণ বেসরকারি স্কুলগুলোর কার্যকর প্রোগ্রামের মডেলসমূহের অনুকরণের সুপারিশ করেছেন।
- IEP মিটিংগুলোকে আরো সহযোগিতামূলক করার জন্য স্কুলগুলোকে দায়বদ্ধ করা।

## এনগেজমেন্ট অ্যান্ড এমপাওয়ারমেন্ট

এনগেজমেন্ট অ্যান্ড অ্যামপাওয়ারমেন্ট (সংশ্লিষ্টতা এবং ক্ষমতায়ন) সাব-কাউন্সিলের প্রাথমিক লক্ষ্য ছিল কীভাবে NYC পাবলিক স্কুলস্ এটা নিশ্চিত করতে পারে যে IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য লভ্য প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে পরিবারবর্গ ভালোভাবে-অবগত এবং উদ্দীপ্ত, তার উপর মতামত প্রদান করা। এনগেজমেন্ট অ্যান্ড অ্যামপাওয়ারমেন্ট সাব-কাউন্সিল সদস্যদের মধ্যে অন্তর্ভুক্ত ছিলেন পিতামাতা, প্রতিনিধিত্বকারী, এবং NYC পাবলিক স্কুলস্-এর প্রাক্তনী, বর্তমান শিক্ষার্থী, ও স্টাফ ।

| সংশ্লিষ্টতা এবং ক্ষমতায়ন | | |
|---|---|---|
| **দীর্ঘ-মেয়াদি লক্ষ্য সাব-কাউন্সিলগুলো জুড়ে শেয়ারকৃত** | **প্রধান চালিকাশক্তি (প্রাইমারি ড্রাইভার) সংশ্লিষ্টতা এবং ক্ষমতায়ন** | **অপ্রধান চালিকাশক্তি (সেকেন্ডারি ড্রাইভার) সংশ্লিষ্টতা এবং ক্ষমতায়ন** |
| **স্কুলগুলো বাড়ির কাছের শিক্ষার্থীদের চাহিদা পূরণ করার জন্য এবং সর্বোচ্চ যতটুকু সম্ভব অন্তর্ভুক্তিমূলক পারিপার্শ্বিকতায় সজ্জিত** | IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য লভ্য প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে পরিবারবর্গ ভালোভাবে-অবহিত এবং উদ্দীপ্ত। | • পরিবারদের জন্য একটি আন্তরিক এবং সুনিশ্চিত পরিবেশ তৈরি করা।<br>• লভ্য প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে পরিবার এবং শিক্ষকগণকে আরো ভালোভাবে জানানো। |

পুরো গ্রুপ, সাব-কাউন্সিল, এবং বিভিন্ন-সাব-কাউন্সিল-ব্যাপী মিটিংগুলোতে অংশগ্রহণের সাথে সাথে, এনগেজমেন্ট অ্যান্ড অ্যামপাওয়ারমেন্ট টিম বর্তমান ও প্রাক্তন NYC পাবলিক স্কুলস্ শিক্ষক এবং অন্যান্য স্কুল স্টাফের পাশাপাশি, বর্তমান ও প্রাক্তন NYC পাবলিক স্কুলস্-এর IEP-যুক্ত শিক্ষার্থীদের তত্ত্বাবধানকারীদের তথ্য ও মতামত প্রকাশের জন্য বেশ কয়েকটি ফোকাস গ্রুপের আয়োজন করেছিল।

## পরিবারদের জন্য একটি আন্তরিক এবং সুনিশ্চিত পরিবেশ তৈরি করা

একটি অধিকতর আন্তরিক এবং সুনিশ্চিত পরিবেশ তৈরির জন্য নীতি ও প্রক্রিয়াসমূহে প্রতিবন্ধিতা-যুক্ত শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গকে অন্তর্ভুক্ত করতে অধিকতর গুরুত্ব আরোপের জন্য এনগেজমেন্ট অ্যান্ড এমপাওয়ারমেন্ট সাব-কাউন্সিলের উপদেষ্টাগণ NYC পাবলিক স্কুলস্-কে উৎসাহিত করেছেন।

পরিবারদের জন্য পরিবেশ উন্নীত করতে NYC পাবলিক স্কুলস্-কে নির্দেশনা দিতে উপদেষ্টাগণ তিনটি পন্থার সুপারিশ করেছেন: অন্তর্ভুক্তিমূলক এবং পরস্পরনির্ভর ভাষা উদ্যোগ প্রবর্তিত করা, শিক্ষার্থী ও পরিবারদেরকে সক্রিয় অংশীদার করা, এবং পরিবার ও শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গি থেকে গ্রহণের ও শেখার কৌশলগুলোকে শক্তিশালী করা।

Inclusive & Interdependent
Language Initiative

### অন্তর্ভুক্তিমূলক এবং পরস্পরনির্ভর ভাষা উদ্যোগ প্রবর্তন করা

শিক্ষক, পরিবারের সদস্য, এবং শিক্ষার্থীরা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং সাধারণভাবে প্রতিবন্ধিতার বিষয়গুলো নিয়ে আলোচনায় যে পরিভাষা ব্যবহার করে, তা পরিবর্তনের জন্য একটি প্রচারাভিযানে NYC পাবলিক স্কুলস্ কমিউনিটির প্রতিনিধি, পরামর্শক, পরিবারের সদস্য, এবং শিক্ষার্থীদের পাশাপাশি কাজ করছেন। "সে দিস, নট দিস" (এটা বলুন, ওটা নয়) হলো IEP-যুক্ত শিক্ষার্থী এবং তাদের প্রাপ্ত প্রোগ্রাম ও পরিষেবা সম্পর্কে কথা বলায় ব্যবহৃত ভাষার নির্দেশিকা। এটা অনানুষ্ঠানিকভাবে ভাষা উদ্যোগ (ল্যাঙ্গুয়েজ ইনিশিয়েটিভ) হিসেবে পরিচিত, এবং এর উদ্দেশ্য ন্যায়পরতা, পরস্পর-নির্ভরতা, এবং একাত্মতা প্রবর্তনের জন্য স্পেশাল এডুকেশন–সম্পর্কিত পরিভাষার একটি শব্দকোষ পরিকল্পনা এবং বাজারজাত করা, যেন এটি স্বার্থসংশ্লিষ্টদের এমন ভাষাগত ভিত্তি গড়ে দিতে পারে যা তাদের পরিষেবাপ্রাপ্ত শিক্ষার্থীদের স্বীকৃতি ও সঠিক ব্যাখ্যা দিতে সাহায্য করতে পারে। এই শব্দকোষ শিক্ষার্থী ও স্টাফসহ বহু স্বার্থসংশ্লিষ্টের মাঝে ঐকমত্যের দ্বারা অব্যাহতভাবে হালানাগাদ হতে থাকবে, এবং গঠনমূলক ন্যায়পরায়ণতার প্রবর্তন করতে প্রচলিত রীতি ও নিয়ন্ত্রণকারী ভাষাকে চ্যালেঞ্জ করবে।

এনগেজমেন্ট অ্যান্ড অ্যামপাওয়ারমেন্ট (সংশ্লিষ্টতা এবং ক্ষমতায়ন) সাব-কাউন্সিলের সদস্যগণ ভাষা উদ্যোগের জন্য পরিকল্পনাগুলো পর্যালোচনা করেছেন এবং চূড়ান্ত হয়ে গেলে বাস্তবায়নে ও প্রচারে অগ্রগতিসাধনে সহায়তার জন্য নিচের সুপারিশগুলো করেছেন:

- ভাষা উদ্যোগের গুরুত্ব এবং এর সম্ভাব্য প্রভাব সম্পর্কে অভ্যন্তরস্থ এবং বহিঃস্থ স্বার্থসংশ্লিষ্টদেরকে সুস্পষ্টভাবে অবহিত করতে হবে।
- প্রচারাভিযানটি শিক্ষার্থীদেরকে কেন্দ্র করে হতে হবে তবে শিক্ষার্থী, পিতামাতা, শিক্ষক, এবং অন্যান্য স্বার্থসংশ্লিষ্টদেরকেও শেখাতে হবে।
- ভাষা উদ্যোগটি শিক্ষকদের জন্য পেশাদারিত্ব উন্নয়নে এবং স্কুলগুলোর পোস্টারে প্রতিফলিত হতে হবে।
- NYC পাবলিক স্কুলস্-এর সাথে পরিবার এবং কমিউনিটির সদস্যদের মিথস্ক্রিয়ায় প্রাথমিক যোগাযোগের স্থানগুলোতে এই শব্দকোষ অন্তর্ভুক্ত থাকতে হবে। উপদেষ্টাদের সুপারিশকৃত প্রাথমিক যোগাযোগের স্থানগুলোতে ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহ এবং NYC পাবলিক স্কুলস্ অন্তর্ভুক্ত ছিল।
- ভাষা উদ্যোগের জন্য বিজ্ঞাপন এবং বিষয়বস্তু একাধিক প্ল্যাটফর্মে (ওয়েবসাইট, সামাজিক যোগাযোগ মাধ্যম), পরিবারদের সাথে ডিজিটালভাবে ও মুদ্রিত সামগ্রীর মাধ্যমে বার্তা, এবং গণ পরিবহন, বিলবোর্ড, ও পোস্টারে বিজ্ঞাপন প্রচারাভিযান) লভ্য হতে হবে।
- প্রচারাভিযানটি একাধিক ভাষায় এবং একাধিক মাধ্যমে (লিখিত, দৃশ্যমান, শ্রবণযোগ্য, এবং ভিডিওতে) হতে হবে
- ভাষা উদ্যোগ চলমান এবং বিবর্তনমূলক হতে হবে এই স্বীকৃতি দিয়ে যে, যথাযথ ভাষা পরিস্থিতি এবং সবাই কীভাবে তা চিহ্নিত করেন তার উপর নির্ভর করে, এবং সময়ের সাথে সাথে সম্ভবত তা বিবর্তিত হতে পারে।

**"[NYC পাবলিক স্কুলস্-এর উচিত] পরিবারদের জন্য বক্তাদের সাথে [অনুষ্ঠান] আয়োজন করা, এবং একে অন্যের সাথে যোগাযোগ গড়ে তুলতে পরিবারদের জন্য সময় অন্তর্ভুক্ত রাখা। একজন পিতামাতা হিসেবে, আমি অন্যান্য পরিবারদের অভিজ্ঞতাকে বেশি মূল্য দিই কারণ তারা যাপিত অভিজ্ঞতাটির মধ্য দিয়ে গিয়েছেন ... [NYC পাবলিক স্কুলস্-এর উচিত] লব্ধ তথ্য বিনিময়ের জন্য অভিজ্ঞ পিতামাতা ও নতুন পিতামাতাদের জন্য একটি বন্ধুত্ব পাতানো পদ্ধতি চালু করা।"**
**–উপদেষ্টা**

### সকল শিক্ষার্থী এবং পরিবারকে সক্রিয় অংশগ্রহণকারী হিসেবে অগ্রাধিকার দেয়া

উপদেষ্টা এবং ফোকাস গ্রুপে অংশগ্রহণকারীগণ জোর দিয়েছেন যে শিক্ষার্থী ও পরিবারের জন্য আন্তরিক এবং সুনিশ্চিত পরিবেশ তৈরির জন্য NYC পাবলিক স্কুলস্-এর সামঞ্জস্যপূর্ণভাবে সুস্পষ্ট ও স্বচ্ছ সামর্থ্য-ভিত্তিক সংবাদ ও বার্তা প্রদান করতে হবে। সুস্পষ্ট কাঠামো, সতীর্থ সহযোগিতা, এবং তথ্য ও উপকরণ সামঞ্জস্যবিধান করে, পরিবার ও শিক্ষার্থীবৃন্দ ইতিবাচক শিক্ষামূলক ফলাফল, সুযোগ, এবং সমৃদ্ধিমূলক স্থান পাওয়া (প্লেসমেন্ট) সম্পর্কে আরও ভালোভাবে বোঝার এবং এর জন্য প্রতিনিধিত্ব করার সম্ভাবনা অর্জন করবে।

এই লক্ষ্যে, তারা সুপারিশ করেছেন যে NYC পাবলিক স্কুলস্ যেন নিম্নলিখিতগুলোর মাধ্যমে বার্তা পাঠানোর পদ্ধতি উন্নত করে:

- শুধুমাত্র জেনারেল এডুকেশনের ক্ষেত্রে মনোনিবেশের স্থলে, সিটিজুড়ে সকল যোগাযোগে IEP-যুক্ত শিক্ষার্থীসহ ডিস্ট্রিক্ট 75 স্কুলগুলোতে যারা আছে, তাদের জন্য প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত করা। উদাহরণ হিসেবে, সামার প্রোগ্রামিং বিষয়ক ইমেইলগুলো প্রায়ই জেনারেল এডুকেশনের বাইরের শিক্ষার্থীদের (ডিস্ট্রিক্ট 1–32) কাছে পৌঁছাতে ব্যর্থ হয়; পরিবারদের বুঝতে পারা উচিত: আমার জন্য এর অর্থ কী?
- যোগাযোগে এমন ভাষার ব্যবহার করা যা ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর অভিজ্ঞতা অন্তর্ভুক্তিমূলক (যেমন, "সেকেন্ডারি-পরবর্তী শিক্ষা" অথবা "ক্যারিয়ার"-এর পরিবর্তে "হাই স্কুল পরবর্তী জীবন" ব্যবহার করা)।

আনুষ্ঠানিক NYC পাবলিক স্কুলস্ সূত্রগুলোর মাধ্যমে প্রদানকৃত তথ্য ও উপকরণগুলোর দ্বারা হতাশ ও নিরাশ হয়ে, কয়েকজন উপদেষ্টা এবং ফোকাস গ্রুপে অংশগ্রহণকারী বাইরের উৎসের তথ্য ও সহায়তার বর্ণনা করেছেন যেগুলোর উপর তারা তথ্যের ঘাটতি পূরণ এবং তাদের সন্তানদের জন্য প্রতিনিধিত্বের জন্য নির্ভর করেন। উপদেষ্টা এবং ফোকাস গ্রুপে অংশগ্রহণকারীগণ প্রক্রিয়াটির মধ্য দিয়ে গিয়েছেন এমন পরিবারদের সাথে সরাসরি কথা বলা, তাদের অভিজ্ঞতাসমূহ থেকে শেখা এবং একাত্মতা ও সহায়তার জন্য তাদের উপর নির্ভর করার গুরুত্বের উপর জোর দিয়েছেন। তারা IEP-যুক্ত শিক্ষার্থীদের তত্ত্বাবধানকারীদের একে অন্যের সাথে সংযুক্ত হওয়া এবং সহায়তা করার জন্য সাহায্য করতে NYC পাবলিক স্কুলস্–পরিচালিত স্থানসমূহের অভাবের দিকেইঙ্গিত করেছেন।

অনুরূপভাবে, উপদেষ্টা এবং ফোকাস গ্রুপে অংশগ্রহণকারীগণ প্রায়ই অনানুষ্ঠানিক ও আনুষ্ঠানিক নেটওয়ার্ক, প্রতিষ্ঠান, এবং অনলাইন কমিউনিটিসমূহের উল্লেখ করেছেন যেগুলো পরিবারের সদস্যদেরকে মিলিত হওয়া এবং একে অন্যের কাছ থেকে শেখার জন্য তথ্য ও সুযোগ প্রদান করে, যার মধ্যে INCLUDENYC, ব্রুকলিন স্পেশাল কিডস্, এবং মোকা মমস্ (Mocha Moms)-এর স্থানীয় চ্যাপ্টারগুলো অন্তর্ভুক্ত।

**"এমনকি মোকা মমস্ (Mocha Moms) গ্রুপের অভ্যন্তরেও, আমরা সবসময়ই সহায়ক তথ্য শেয়ার করছি। এর মধ্যকার প্রচুর উপকারী তথ্য আমাদের সাথে কমিউনিটিবোধ [গড়ে তোলে]। IEP-যুক্ত ছেলেমেয়ে থাকা প্রায়ই একটি বিচ্ছিন্নতার অভিজ্ঞতা।"**
**–উপদেষ্টা**

অধিকতর আন্তরিক এবং সুনিশ্চিত পরিবেশ তৈরি করার জন্য এবং পরিবার ও শিক্ষার্থীদেরকে আরও সক্রিয় অংশগ্রহণকারী করে তোলার জন্য, এনগেজমেন্ট অ্যান্ড অ্যামপাওয়ারমেন্ট সাব-কাউন্সিল নিচের সুপারিশগুলো করেছে:

- তথ্য ছড়িয়ে দিতে পিতামাতা এবং তত্ত্বাবধানকারীদের জন্য যেসব অনলাইন এবং অফলাইন ব্যবস্থানসমূহ যেমন ইলেক্ট্রনিক মেইলিং লিস্ট-এ (উদাহরণ, ব্রুকলিন স্পেশাল কিডস্, এবং মোকা মমস্ (Mocha Moms) সংযুক্ত হওয়া যায়, সেসব NYC পাবলিক স্কুলস্-এর বিবেচনা করা উচিত ।

### পরিবার ও শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গি থেকে গ্রহণ করা ও শেখার কৌশলগুলোকে শক্তিশালী করা

উপদেষ্টাগণ জোর দিয়েছিলেন যে যাপিত অভিজ্ঞতাসমৃদ্ধদের (পরিবার ও শিক্ষার্থীবৃন্দের) দৃষ্টিভঙ্গিকে একত্রীভূত করা আন্তরিক পরিবেশ সৃষ্টি করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। তারা NYC পাবলিক স্কুলস্-কে সনির্বন্ধ অনুরোধ করেছিলেন অধিকতর প্রদর্শন করার জন্য যে প্রোগ্রাম, নতুন উদ্যোগ, এবং যোগাযোগের কৌশলসমূহের গঠনে এটি পরিবার ও শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গিসমূহের মূল্য দেয়। এটা করার জন্য, এনগেজমেন্ট অ্যান্ড অ্যামপাওয়ারমেন্ট সাব-কাউন্সিলের সদস্যগণ নিচের সুপারিশগুলো করেছেন:

- কমিউনিটির সম্পৃক্ততা, যেমন এই স্পেশাল এডুকেশন অ্যাডভাইজরি কাউন্সিল, এবং সহযোগীরূপে কাজ করার জন্য অন্যান্য সুযোগ অব্যাহত রাখার মাধ্যমে NYC পাবলিক স্কুলস্-কে দেখাতে হবে যে এটি পরিবার ও শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গিসমূহের মূল্য দেয়।
- প্রক্রিয়া জুড়ে নীতিনির্ধারণীতে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং তাদের পরিবারের দৃষ্টিভঙ্গিকে অন্তর্ভুক্ত করলে NYC পাবলিক স্কুলস্ উপকৃত হবে।
- উন্নতিবিধান করা যোগাযোগে অবশ্যই সকল শিক্ষার্থীর—IEP আছে ও নেই এমন শিক্ষার্থীসহ— এমন সবার সাথে যোগাযোগ অন্তর্ভুক্ত থাকতে হবে কারণ যদি শিক্ষার্থীরা প্রতিবন্ধিতা, প্রোগ্রাম, এবং অন্তর্ভুক্তি সম্পর্কে আরো বেশি জানে, তবে তারা একে অন্যের প্রতি আরো বেশি সহায়ক হবে। এছাড়াও এটা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে আরো ভালো আত্ম-প্রতিনিধিত্বকারী হওয়ার সুযোগ দেবে।

## লভ্য প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে পরিবারদেরকে আরো ভালোভাবে জানানো

এনগেজমেন্ট অ্যান্ড এমপাওয়ারমেন্ট সাব-কাউন্সিলের কাজ এটা তুলে ধরে যে পরিবার এবং শিক্ষার্থীদের NYC পাবলিক স্কুলস্ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধিতা পরিষেবা, সহায়তা, এবং প্রোগ্রামসমূহের প্রক্রিয়ার জন্য একটি অধিকতর ভালো পন্থার প্রয়োজন। বিভিন্ন ব্যক্তিগত অভিজ্ঞতা এবং হতাশা শেয়ার করে, এনগেজমেন্ট অ্যান্ড অ্যামপাওয়ারমেন্ট (সংশ্লিষ্টতা এবং ক্ষমতায়ন) সাব-কাউন্সিলের সদস্যগণ NYC পাবলিক স্কুলস্-এর দেওয়া স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবাসমূহ এবং সেগুলো চিহ্নিত করার ও সুযোগ লাভের জন্য নীতি, কার্যপ্রণালী, এবং অন্যান্য পন্থা সম্পর্কে সুস্পষ্ট, সমন্বিত, সহজপ্রাপ্য, ও সহজবোধ্য তথ্যের চাহিদার উপর জোর দিয়েছেন। লভ্য প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে পরিবারদেরকে আরও ভালোভাবে জানানোর জন্য NYC পাবলিক স্কুলস্-কে নির্দেশনা দিতে উপদেষ্টাগণ দুইটি পদক্ষেপের সুপারিশ করেছেন: (1) পরিষেবাসমূহের বিস্তার সম্পর্কে পরিবারদেরকে আরও ভালোভাবে জানানো, এবং (2) বিশেষায়িত প্রোগ্রামসমূহের প্রচার করা।

### পরিষেবাসমূহের বিস্তার সম্পর্কে পরিবারদেরকে সর্বজনীনভাবে লভ্য জ্ঞান সরবরাহ

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পরিবারদের জন্য NYC পাবলিক স্কুলস্-এর বিভিন্ন প্রোগ্রাম ও পরিষেবা লভ্য আছে, কিন্তু আরও তথ্যের জন্য সুস্পষ্ট, সহায়ক চ্যানেল নেই, এই মর্মে উপদেষ্টা এবং ফোকাস গ্রুপে অংশগ্রহণকারীগণ ঐসব প্রোগ্রাম ও পরিষেবাকে দুর্বোধ্য হিসেবে উদ্ধৃত করেছেন। তারা বলেছেন যে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য অফারকৃত বিবিধ প্রোগ্রাম এবং পরিষেবা সম্পর্কে বিদ্যমান উপকরণগুলো যথেষ্ট তথ্য প্রদান করে না। উপদেষ্টা এবং ফোকাস গ্রুপের সদস্যগণ জানিয়েছেন যে, এর ফলে বেশিরভাগ পরিবার ও তত্ত্বাবধানকারীদের সন্তানদের জন্য যথোপযুক্ত প্রোগ্রাম অফার সম্পর্কিত প্রধান যোগাযোগের ব্যক্তিবর্গ হলেন, স্কুল-ভিত্তিক শিক্ষক, অ্যাডমিনিস্ট্রেটর, প্যারেন্ট কোঅর্ডিনেটর, এবং অন্যান্য স্টাফ, যার ফলাফল স্কুল থেকে স্কুলে সামঞ্জস্যহীন তথ্যের লভ্যতা। উপদেষ্টা এবং ফোকাস গ্রুপের সদস্যগণ বিভিন্ন ব্যক্তিগত অভিজ্ঞতা শেয়ার করেছেন যেসময় স্কুল স্টাফ লভ্য অফারগুলো সম্পর্কে ওয়াকিবহাল ছিলেন না, যা পরিবারের সদস্যদের উপর প্রক্রিয়াটি সম্পর্কে নিজে নিজে জানার এবং নিজে নিজেই অগ্রসর হওয়ার বোঝা চাপিয়ে দিয়েছে। উপদেষ্টাগণ শুধু পরিবারের সদস্যদের কাছে নয় বরং যারা স্পেশাল এডুকেশন প্রদান করার অংশ নন, তারা সহ শিক্ষক এবং স্কুল স্টাফের কাছেও পরিষেবা ও প্রোগ্রামের সুযোগগুলো সম্পর্কে সুস্পষ্ট তথ্য প্রদানের গুরুত্ব উল্লেখ করেছেন।

**"আমি সবগুলো প্রোগ্রাম এবং পরিষেবা সম্পর্কে জানি না ... আমি সবগুলো পন্থা সম্পর্কে বুঝি না ... স্কুলগুলোতে কিছু মানুষের মধ্যে ব্যক্তিগতভাবে তথ্য প্রবাহের নেটওয়ার্ক রয়েছে ... কোনো তালিকা নেই ... [আমি বিশেষায়িত প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে শিখি] মুখে মুখে ছড়ানো কথার মাধ্যমে।"**
**–উপদেষ্টা**

সাব-কাউন্সিলের সদস্য এবং ফোকাস গ্রুপে অংশগ্রহণকারীগণ কর্তৃক যেমনটি বর্ণিত হয়েছে, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ, সুস্পষ্ট অবহিতকরণ, এবং সমন্বিত তথ্যের অভাব দুটি প্রধান স্থায়ী সমস্যা সৃষ্টি করে: হয় পরিবারের সদস্যগণ নিজে নিজেই প্রক্রিয়াটি সম্পর্কে জানার এবং অগ্রহসর হওয়ার জন্য উল্লেখযোগ্য পরিমাণ সময় ও প্রচেষ্টা নিয়োগ করেন, নতুবা IEP-যুক্ত শিক্ষার্থীদেরকে দেওয়া প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে পরিবারসমূহ আঁধারেই থেকে যান, যা তাদের ছেলেমেয়েদের জন্য প্রতিনিধিত্ব করার সক্ষমতার খর্ব করে।

**"বর্তমান বিশেষ চাহিদাযুক্তদের প্রক্রিয়াটিতে যোগাযোগ রক্ষার ভালো পদ্ধতি নেই। আমি একজন আইনজীবী, সুতরাং আমি আইনি বিষয়গুলো পড়তে পারি, কিন্তু এটা আমার মতো একজনের জন্যও বিভ্রান্তিকর এবং পুরো ধারণা পাওয়া কঠিন।"**
**–উপদেষ্টা**

তথ্যের লভ্যতা, অভিগম্যতা, এবং প্রক্রিয়ার মধ্য দিয়ে অগ্রসর হওয়ার উপকরণগুলো সম্পর্কে উদ্বেগ নিরসন করতে, এনগেজমেন্ট অ্যান্ড এমপাওয়ারমেন্ট উপদেষ্টাগণ নিচের সুপারিশগুলো করেছেন:

- NYC পাবলিক স্কুলস্-এর এর স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবাসমূহ সম্পর্কে পরিবারদের জন্য সুস্পষ্ট, সমন্বিত, সহজ-অভিগম্য, এবং সহজ-বোধ্য তথ্য সৃষ্টি করতে হবে। এই তথ্য প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের সকল পিতামাতা এবং তত্ত্বাবধানকারীদের সাথে যোগাযোগ করার জন্য উদ্দিষ্ট একাধিক মাধ্যম জুড়ে একটি সুসঙ্গত উপায়ে ছড়িয়ে দিতে হবে।
- NYC পাবলিক স্কুলস্-এর আদ্যাক্ষর দিয়ে নাম-সংক্ষেপন (অ্যাক্রোনিম) এবং "রিলেটেড সার্ভিসেস" (সম্পর্কিত পরিষেবাসমূহ)-এর মতো শিক্ষাগত ধারণাগুলোকে ব্যাখ্যা করায় সম্ভাব্য সহজতম পরিভাষায় তথ্য উপস্থাপন করতে হবে। এছাড়া, NYC পাবলিক স্কুলস্-এর একটি সংক্ষিপ্ত ভিডিও যা পারিভাষিক শব্দাবলীকে এমন একটি উপায়ে ব্যাখ্যা করে যা বিভিন্ন স্কুল ব্যবস্থার প্রবেশস্থান এবং বিভিন্ন গ্রেড বা উত্তীর্ণ হওয়ার বয়সের তথ্যকে প্রাসঙ্গিক করে, সেগুলোসহ, বিভিন্ন বিন্যাস (ফর্ম্যাট)-এর পরিষেবাসমূহের বিস্তার সম্পর্কে তথ্য প্রদান করতে হবে।
- NYC পাবলিক স্কুলস্-এর এটা নিশ্চিত করতে হবে যে শিক্ষক এবং স্কুল-সাইট-এর স্টাফ স্পেশাল এডুকেশনের পরিষেবাসমূহের পূর্ণ বিস্তার সম্পর্কে পর্যাপ্ত অবহিত আছেন, কেননা প্রায়ই তারা পরিবারদের জন্য প্রধান যোগাযোগের ব্যক্তি হতে পারেন।
- IEP-যুক্ত শিক্ষার্থীদের পরিবারের সদস্যদের জন্য সংযুক্ত হওয়া এবং তথ্য বিনিময়ের জন্য আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সুযোগ তৈরি, সহায়তা, ও ব্যবহারে সাহায্য করার মাধ্যমে NYC পাবলিক স্কুলস্-এর পরিবারের অভিজ্ঞতা এবং বিশেষ জ্ঞান ও দক্ষতার আরো ভালো ব্যবহার করতে হবে।




### প্রকাশ্যে বিশেষায়িত প্রোগ্রামসমূহের অগ্রগতিসাধনে সহায়তা করা

NYC পাবলিক স্কুলস্-এর প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য অনেক প্রোগ্রাম, পরিষেবা, এবং সহায়তা রয়েছে, কিন্তু উপদেষ্টা এবং ফোকাস গ্রুপে অংশগ্রহণকারীগণ যেমনটি জানিয়েছেন, অনেক বেশি পরিবার অনবহিত। লভ্য প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে পরিবারদেরকে আরো ভালোভাবে জানানোর জন্য, NYC পাবলিক স্কুলস্-এর সহজসাধ্য কিছু করতে হবে: সেগুলোকে বহুল প্রচারিত করা। এই পর্যবেক্ষণের আলোকে, অ্যাডভাইজর (উপদেষ্টা)-গণ নিচের সুপারিশগুলো করেছেন:

- NYC পাবলিক স্কুলস্-এর বিশেষায়িত প্রোগ্রামসমূহ সম্পর্কে আরও ভালভাবে তথ্য শেয়ার করার প্রয়োজন এটা নিশ্চিত করে যে, তত্ত্বাবধানকারী এবং স্টাফ জানেন সেগুলো কীভাবে ও কোথায় পাওয়া যায়। স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে তথ্য ইউনিভার্সাল প্রি-K এবং গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রামিংয়ের মতো অন্যান্য প্রোগ্রামগুলোর তথ্যের মতো বহুবিস্তৃত হওয়া উচিত।
- NYC পাবলিক স্কুলস্-এর ডিস্ট্রিক্ট 75 এবং বিশেষায়িত প্রোগ্রামসমূহ (যেমন অ্যাকাডেমিকস্, ক্যারিয়ার, অ্যান্ড এসেনশিয়াল স্কিলস্ প্রোগ্রাম বা নেস্ট)-এ তালিকাভুক্তি (এনরোলমেন্ট) এবং স্থান পাওয়া (প্লেসমেন্ট) সম্পর্কে পরিবারদের কাছে লভ্য তথ্য উন্নত করা উচিত। এই তথ্য ডিস্ট্রিক্ট 1–32, 79, মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স প্রোগ্রাম, এবং স্পেশালাইজড্ হাই স্কুলগুলোতে তালিকাভুক্তি (এনরোলমেন্ট) এবং স্থান পাওয়া (প্লেসমেন্ট) সম্পর্কে তথ্যের মতো বহুবিস্তৃত হওয়া উচিত।

## ইন্টারভিউ স্পটলাইট



**"যখন চ্যান্সেলর একটি স্কুল বিল্ডিং-এ যান, [তার টিমের] উচিত বিল্ডিংয়ের সকল প্রিন্সিপালকে আমন্ত্রণ জানানো এবং অবহিত করা। তার সকল শিক্ষকের কাছ থেকে মানসম্মত শিক্ষা-নির্দেশনার প্রমাণ দেখা এবং বিল্ডিংয়ের সকল প্রশাসক (অ্যাডমিনিস্ট্রেটর) কর্তৃক সকল শিক্ষার্থী ... শুধুমাত্র আমার শিক্ষার্থী নয় বরং বিল্ডিংয়ের বা ঐ ক্যাম্পাসের সকল শিক্ষার্থী সম্পর্কে জানার একটি প্রতিশ্রুতির প্রত্যাশা করা উচিত।"**

**– বারবারা ট্রেম্বলে (Barbara Tremblay)**

প্রিন্সিপাল, P721K
সদস্য, ইন্টিগ্রেশন অ্যান্ড ইন্টারডিপেন্ডেন্স সাব-কাউন্সিল

# উপসংহার

NYC Public Schools

# উপসংহার

সাব-কাউন্সিল এবং সম্পূর্ণ অ্যাডভাইজরি কাউন্সিল মিটিংগুলোতে, অফিসের সময়ে, এবং ব্যক্তিগত ফোন কলগুলোতে, উপদেষ্টাগণ একটি কেন্দ্রীয় নীতিতে সমন্বিত ছিলেন: NYC পাবলিক স্কুলস্-এর অবশ্যই একটি অধকতর কাঠামোবদ্ধ এবং পদ্ধতিগত উপায় গ্রহণ করতে হবে ব্যবস্থাপনা পরিবর্তনের জন্য যা অ্যাডভাইজরি কাউন্সিল এবং অন্যান্য স্বার্থসংশ্লিষ্টদের মতামতকে ব্যবহার করে। সেটার মধ্যে পরিকল্পনাগুলো বাস্তবায়নকালে অগ্রগতি পর্যবেক্ষণের জন্য স্বচ্ছ এবং কঠোর প্রক্রিয়াসমূহ রয়েছে।

এর অংশ হিসেবে, NYC পাবলিক স্কুলস্-এর উপদেষ্টা এবং অন্যান্য স্বার্থসংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে যারা স্পেশাল এডুকেশনে প্রস্তাবিত সংস্কারগুলোর ফলে প্রভাবিত হবেন অথবা এগুলোর বাস্তবায়নের দায়িত্বে থাকবেন, যেন প্রত্যেকে পরিবর্তনের প্রয়োজন এবং এর সুফল বুঝতে পারে।

NYC পাবলিক স্কুলস্-এর এটাও নিশ্চিত করতে হবে যে নীতিগত সিদ্ধান্ত এবং তত্ত্বাবধানের কাঠামোসমূহ একত্রীভূত, যেন নীতিগত পরিবর্তন সিস্টেমের ব্যবস্থাপনার সবগুলো স্তরে প্রোথিত থাকে, এবং NYC পাবলিক স্কুলস্ এটা নির্ধারণ করতে পারে যে নীতিগত পরিবর্তন স্কুল পর্যায়ে যথার্থতার সাথে বাস্তবায়ন করা হয় কিনা। একজন উপদেষ্টা জরিপে এই মত প্রকাশ করেছেন: "নীতি এবং কাঠামোকে এসব সুপারিশমালা পাশাপাশি এগিয়ে চলা প্রয়োজন।"

পরিবারদের সাথে উন্নীত যোগাযোগ অবশ্যই NYC পাবলিক স্কুলস্-এর অভ্যন্তরে উন্নীত যোগাযোগের সাথে যুগপৎ সংঘটিত হতে হবে। অনেক উপদেষ্টা স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ সম্পর্কে তথ্য খোঁজায় তাদের সমস্যার কথা শেয়ার করেছেন। তারা উল্লেখ করেছেন যে স্কুল স্টাফ (প্রায়ই প্রথম স্থান যেখানে পরিবারেরা তথ্য সংগ্রহ করতে যান) কখনো কখনো প্রোগ্রাম এবং পরিষেবাসমূহের পূর্ণ পরিসর এবং শিক্ষার্থীদের জন্য সহায়তা সর্বোচ্চ বাড়াতে এই পরিসরকে কীভাবে সৃজনশীলতার সাথে ব্যবহার করা যায় সে ব্যাপারে অবগত ছিলেন না।

উপদেষ্টাগণ বার বার জোর দিয়েছেন যে ডিস্ট্রিক্ট-এর অভ্যন্তরস্থ সংস্কৃতির বদলাতে হবে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে একীভূতকরণ সিস্টেমজুড়ে প্রদর্শিত হতে হবে, যেন IEP-যুক্ত শিক্ষার্থীরা স্কুল থেকে শুরু করে কেন্দ্রীয় প্রশাসন পর্যন্ত বৃহত্তর পাবলিক স্কুল কমিউনিটির এক অংশ হিসেবে বিবেচিত হয়। সংস্কৃতির পরিবর্তনও প্রক্রিয়া জুড়ে একটি সক্ষমদের প্রাধান্য-বিরোধী মনোভাব গড়ে তোলাকেও অন্তর্ভুক্ত করে যেন প্রতিবন্ধিতা-যুক্ত শিক্ষার্থীরা তাদের সামর্থ্যের জন্য প্রশংসিত হয়, স্কুল জীবনের সব ক্ষেত্রে স্বাগত হয়, এবং তাদের পরিচয়ে সুনিশ্চিত বোধ করে।

## ইন্টারভিউ স্পটলাইট




**“অকৃত্রিমতা খুবই গুরুত্বপূর্ণ। স্বচ্ছতা এবং জবাবদিহিতা আস্থার দিকে পরিচালিত করে। ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামগুলোতে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পরিবারসহ সিটির পরিবারদের সাথে নিজে থেকে সক্রিয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে, যাদের অনেকেই স্ট্যান্ডার্ডাইজড্ টেস্টে অংশগ্রহণ বা ডিপ্লোমা গ্রহণ করে না। NYC পাবলিক স্কুলস্-এর একটি সুযোগ রয়েছে সৃজনশীলভাবে চিন্তা করার এবং মানিয়ে চলার বাইরেও চিন্তা করার। NYC পাবলিক স্কুলস্-এর অর্থপূর্ণ, আলাদা করা ড্যাটা প্রকাশ করা উচিত যা সকল প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর শিখন ফলাফলের উপর ফোকাস করে, ডিস্ট্রিক্ট 75 শিক্ষার্থী এবং [প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যারা ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) হিসেবেও শ্রেণীভুক্তকৃত] সহ।"**

**– লরি পডভেস্কার (Lori Podvesker)**

ডিরেক্টর অভ ডিসঅ্যাবিলিটি অ্যান্ড এডুকেশন পলিসি, INCLUDENYC
ডিস্ট্রিক্ট 75-এর শিক্ষার্থীর পিতামাতা
এমপাওয়ারমেন্ট অ্যান্ড এনগেজমেন্ট সাব-কাউন্সিলএর সদস্য


# সংযুক্তি

NYC Public Schools

# সংযুক্তিসমূহ

## সংযুক্তি 1: “ভিন্ন স্থান”– সম্পর্কিত পরিষেবাসমূহের IEP সুপারিশমালা

প্রায় একচেটিয়াভাবে, শিক্ষার্থীরা তাদের স্বাভাবিক শেখার পরিবেশের বাইরে এবং তাদের সহপাঠীদের থেকে বিচ্ছিন্ন সম্পর্কিত পরিষেবাসমূহ গ্রহণ করার জন্য সুপারিশপ্রাপ্ত হচ্ছে। চিত্রে দেখা যায় যে NYC পাবলিক স্কুলস্-এ এবং চার্টার স্কুলগুলোতে সব সম্পর্কিত পরিষেবার 90 শতাংশের বেশি ক্লাসরুমের বাইরে প্রদান করা হয়।




*এই বিগ সিক্স (বৃহৎ ছয়) হলো সবচেয়ে সচরাচর সুপারিশকৃত সম্পর্কিত পরিষেবাসমূহ: স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ, কাউন্সেলিং, অকুপেশনাল থেরাপি, ফিজিকাল থেরাপি, হিয়ারিং সার্ভিসেস, এবং ভিশন সার্ভিসেস।

## সংযুক্তি 2: সম্পর্কিত পরিষেবাসমূহের গবেষণার গ্রন্থ ও রচনার তালিকা

Cahill, S. M., & Beisbeir, S. (2020). Occupational therapy practice guidelines for children and youth ages 5–21 years. American Journal of Occupational Therapy, 74(4), 7404397010.

Kingsley, K., & Mailloux, Z. (2013). Evidence for the effectiveness of different service delivery models in early intervention services. American Journal of Occupational Therapy, 67(4), 431-436.

Martino E. M., & Lape J. E. (2021). Occupational therapy in the preschool classroom—promoting fine motor and visual motor skills for kindergarten readiness. Journal of Occupational Therapy, Schools & Early Intervention, 14(2), 134-152.

Sayers, B. R. (2008). Collaboration in school settings: a critical appraisal of the topic. Journal of Occupational Therapy, Schools & Early Intervention, 1, 170-179.

Throneberg, R. N., Calvert, L. K., Sturm, J. J., Paramboukas, A. A., & Paul, P. J. (2000). A comparison of service delivery models effects on curricular vocabulary skills in the school setting. Family Research and Creative Activity, 5.


## সংযুক্তি 3: স্পেশালাইজড্ অটিজম প্রোগ্রামস্

| স্পেশালাইজড্ অটিজম প্রোগ্রামস্ | | |
|---|---|---|
| নেস্ট | হরাইজন | AIMS |
| • হ্রাসকৃত-আকারের অন্তর্ভুক্তিমূলক সহ-শিক্ষকতার (ইনক্লুসিভ কো-টিচিং, ICT) ক্লাস (শিক্ষার্থীরা বয়সে বড় হতে থাকলে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি পায়)<br>• স্পেশাল এবং জেনারেল এডুকেশন উভয়টির শিক্ষকগণ প্রিসার্ভিস প্রশিক্ষণ সম্পন্ন করেছেন<br>• শিক্ষার্থীরা সাধারণ পাঠ্যক্রমে অংশগ্রহণ করে এবং শিক্ষায়তনিকভাবে গ্রেড স্তরে বা উপরে এবং জ্ঞানগতভাবে গড়পরতা বা উপরে<br>• সামাজিক উন্নয়ন হস্তক্ষেপ (সোশ্যাল ডেভেলপমেন্ট ইন্টারভেনশন, SDI) একজন স্পিচ থেরাপিস্টের নেতৃত্বে একটি ছোট গ্রুপে সামাজিক কার্যক্রম, সামাজিক, এবং প্রায়োগিক যোগাযোগের উপর ফোকাস করে<br>• NYU নেস্ট সাপোর্ট প্রজেক্ট দ্বারা সহায়তাপ্রাপ্ত | • স্পেশাল ক্লাস: 8:1:1 (অটিজম শ্রেণীভুক্তিকরণ-যুক্ত আটজন শিক্ষার্থী, একজন স্পেশাল এডুকেশন শিক্ষক, এবং একজন প্রোগ্রাম সম্পর্কিত প্যারাপ্রফেশনাল)<br>• হরাইজন ক্লাসরুমগুলো একই গ্রেডের জেনারেল এবং ICT ক্লাসরুমগুলোতে ব্যবহৃত একই গ্রেডের পাঠ্যক্রম ব্যবহার করে<br>• ক্লাসরুম শিক্ষক এবং প্রোগ্রাম সম্পর্কিত প্যারাপ্রফেশনালগণ সকলের প্রিসার্ভিস প্রশিক্ষণ এবং অব্যাহত পেশাদারীত্ব উন্নয়ন থাকে<br>• হরাইজন সামাজিক পাঠ্যক্রম<br>• কেন্দ্রীয় কোচগণ হরাইজন শিক্ষক ও স্টাফকে সাপ্তাহিক সহায়তা প্রদান করেন<br>• RethinkEd (রিথিংকএড) হরাইজন প্রোগ্রামগুলোর জন্য লভ্য একটি অনলাইন রিসোর্স | • K–2 গ্রেডসমূহে নিবিড় পরিষেবা প্রদানকারী আর্লি চাইল্ডহুড প্রোগ্রামসমূহ<br>• একটি অটিজম শ্রেণীভুক্তিকরণ-যুক্ত ছয়জন শিক্ষার্থীর জন্য স্পেশাল ক্লাস<br>• স্পেশাল এডুকেশন শিক্ষক এবং প্যারাপ্রফেশন্যাল প্রিসার্ভিস এবং অব্যাহত প্রশিক্ষণ পেয়েছেন<br>• ক্লাসরুমে পূর্ণকালীন স্পিচ প্রোভাইডার (বাচন পরিষেবা প্রদানকারী) যিনি যোগাযোগ গড়ে তোলা এবং সহপাঠী কর্মকাণ্ড বৃদ্ধির ভিতরকার সুযোগগুলো কাজে লাগিয়ে ভাষা এবং যোগাযোগে সহায়তা করেন<br>• ক্লাসরুম স্টাফকে প্রশিক্ষণ ও সহায়তা এবং শিক্ষার্থীদেরকে স্বতন্ত্রভাবে ও ছোট ছোট গ্রুপে প্রত্যক্ষ শিক্ষা-নির্দেশনা প্রদান করার জন্য বোর্ড-সার্টিফায়েড বিহেভিয়র অ্যানালিস্ট<br>• AIMS-এর ফোকাস ব্যবহারিক আচরণগত বিশ্লেষণ (অ্যাপ্লাইড বিহেভিয়ার অ্যানালাইসিস), মৌলিক ভাষা ও শিখন দক্ষতার পাঠ্যক্রম, এবং মৌখিক আচরণের মাধ্যমে শিক্ষার্থীদেরকে ভাষা, যোগাযোগ, প্রাত্যহিক জীবনের কর্মকাণ্ড, ও অর্থপূর্ণ শিক্ষায়তনিক-পূর্ব দক্ষতার বিকাশগত ও ব্যবহারিক দক্ষতার জন্য শিক্ষার্থীদেরকে সহায়তা করা<br>• RethinkEd (রিথিংকএড) AIMS প্রোগ্রামগুলোর জন্য লভ্য একটি অনলাইন রিসোর্স এবং ABLLS ও মৌখিক আচরণ (ভার্বাল বিহেভিয়ার)-এর সাথে সামঞ্জস্যপূর্ণ |

## সংযুক্তি 4: অটিজম প্রোগ্রামসমূহে যেসব শিক্ষার্থীদেরকে আরও ভালো পরিষেবা দেওয়া যেতে পারে

অভ্যন্তরীণ ড্যাটা বিশ্লেষণের ভিত্তিতে, NYC পাবলিক স্কুলস্ অটিস্টিক শিক্ষার্থীদের এক বর্ধিষ্ণু জনসংখ্যাকে পরিষেবা প্রদানের পূর্বানুমান করছে, যা তাদের চাহিদাকে পরিষেবা দেয়ার সিস্টেমের সামর্থ্যকে অতিক্রম করে যেতে পারে। এসব যোগফল অটিজমের শিক্ষাগত শ্রেণীভুক্তিকরণ, ICT অথবা স্পেশাল ক্লাসের একটি স্পেশাল এডুকেশন প্রোগ্রাম সুপারিশ-যুক্ত, এবং যারা মানদণ্ড অনুযায়ী মূল্যায়নসমূহে অংশগ্রহণ করে এমন সকল শিক্ষার্থীকে প্রতিফলিত করে। সেগুলোকে উপস্থিতির ভিত্তিতে আলাদা করা হয় (ননপাবলিক স্কুল, চার্টার, ICT ডিস্ট্রিক্ট 1–32, SC ডিস্ট্রিক্ট 1–32, ডিস্ট্রিক্ট 75, এবং অটিজম প্রোগ্রামসমূহ)। গত শিক্ষা বছরের চাইতে একটি অটিজম শ্রেণীভুক্তকরণ-যুক্ত শিক্ষার্থীদের সংখ্যা 17 শতাংশ বৃদ্ধি পেয়েছিল, এবং যোগদান করার স্কুল প্রতিফলিত করে কোথায় এসকল শিক্ষার্থী এই বছর স্কুলে গিয়েছে।

### নেস্ট/হরাইজন প্রোগ্রামগুলোর প্রোগ্রাম চাহিদা এবং ধারণক্ষমতা



# সংযুক্তি 5: দ্বন্দ্ব নিরসনের পথ (প্যাথওয়ে)-সমূহ

| দ্বন্দ্ব নিরসনের পথ (পাথওয়ে)-সমূহ | | |
|---|---|---|
| **প্যাথওয়ে** | **সুবিধাসমূহ** | **সীমাবদ্ধতাসমূহ** |
| **ডিস্ট্রিক্ট প্রতিনিধি** | • আলোচ্যসূচি প্রতিষ্ঠা, আলোচনা পরিচালনা, পিতামাতার প্রশ্নের উত্তর দেয়া, পিতামাতার উদ্বেগের সমাধান, স্কুল টিমের সদস্য ও পিতামাতাদেরকে ঐকমত্যে পৌঁছুতে সাহায্য, এবং মিটিংয়ের ফলাফলের সংক্ষিপ্তসার করার মাধ্যমে মিটিং পরিচালনা করা<br>• পারস্পরিক সম্মান এবং উন্মুক্ত যোগাযোগের একটি আবহ তৈরি করতে হবে<br>• IEP-যুক্ত ও -বিহীন শিক্ষার্থীদের জন্য লভ্য স্কুল ও ডিস্ট্রিক্ট উপকরণ এবং প্রোগ্রামসমূহ সম্পর্কে বলা, এবং কীভাবে সেসব উপকরণ শিক্ষার্থীর চাহিদা পূরণ করে তা সহজভাবে ও পারিভাষিক শব্দে পূর্ণ ভাষা ব্যাতীত ব্যাখ্যা করার জন্য যোগ্য হতে হবে | • পিতামাতাগণ একজন ঐকমত্য গঠনকারীর পরিবর্তে একজন সিদ্ধান্ত গ্রহণকারী হিসেবে অনুমান করে নেন<br>• স্কুল এবং ডিস্ট্রিক্ট উপকরণসমূহ অথবা প্রোগ্রাম সম্পর্কিত প্রত্যাশা দ্বারা সীমাবদ্ধ অনুভব করতে পারেন |
| **প্যারেন্ট মেম্বার (পিতামাতা সদস্য)** | • NYC পাবলিক স্কুলস্–বহির্ভূত IEP টিমের সদস্য পরিবারকে সহায়তা করার জন্য বিশেষভাবে উপস্থিত থাকেন<br>• নিশ্চিত করেন যে পরিবার IEP টিমের সিদ্ধান্তগুলো বোঝেন এবং সেগুলোতে স্বচ্ছন্দ<br>• স্কুল টিমকে প্রতিভারসাম্য প্রদান করে এবং পিতামাতার পক্ষ থেকে সহমর্মিতার সাথে কিন্তু ব্যক্তিগত বা দ্বান্দ্বিক স্বার্থ ব্যতিরেকেই সুপারিশমালা তুলে ধরতে এবং এ নিয়ে কথাবার্তা চালাতে পারেন<br>• একজন পিতামাতার উপলব্ধি এবং অংশগ্রহণের অগ্রগতিসাধনে সহায়তা করার জন্য কার্যপ্রণালী, প্রবিধান, এবং কৌশলসমূহে প্রশিক্ষিত ও সনদপ্রাপ্ত (সার্টিফায়েড) | • কর্তৃত্বের অভাব হিসেবে অনুমিত<br>• পূর্ব অভিজ্ঞতার পক্ষপাতযুক্ত যদি সে সদস্য অতীতে IEP টিমের সাথে কাজ করে থাকেন<br>• একটি পূর্ণ- অথবা খণ্ড-কালীন কাজ নয়<br>• একাধিক মিটিংয়ের জন্য লভ্য না হওয়া<br>• পারিশ্রমিক (উদাহরণ, ভ্রমণ ব্যয় মেটানো হয় না)<br>• পিতামাতা সদস্য (প্যারেন্ট মেম্বার)-দেরকে পিতামাতার পছন্দের পরিবর্তে নির্বিচারে বাছাই করা হয় |

| দ্বন্দ্ব নিরসনের পথ (পাথওয়ে)-সমূহ | | |
|---|---|---|
| প্যাথওয়ে | সুবিধাসমূহ | সীমাবদ্ধতাসমূহ |
| মধ্যস্থতা | • মতানৈক্য দূর করার জন্য পরিবার এবং NYC পাবলিক স্কুলস্ কর্তৃক গোপন, ঐচ্ছিক প্রক্রিয়া<br>• মধ্যস্থতাকারী হলেন নিরপেক্ষ এবং তিনি অবস্থান বা পক্ষ নেন না<br>• NYC পাবলিক স্কুলস্-এর স্টাফ এবং পিতামাতার মধ্যকার যোগাযোগ এবং পারস্পরিক বোঝাপড়ার উন্নতি করার একটি সুযোগ<br>• অংশগ্রহণকারীগণ আগ্রহের বিষয়ে এগোনোর প্রক্রিয়া নিয়ন্ত্রণ করেন এবং নতুন পছন্দ ও বিকল্পসমূহ অনুসন্ধান করেন।<br>• যদি একটি সমঝোতায় পৌঁছানো যায়, চুক্তিটি উভয় পক্ষের জন্য বাধ্যতামূলক | • যেহেতু আমরা প্রাইভেট স্কুলে টুইশন বা আইনজীবীদের ফি বিষয়ে সম্মত হতে পারি না, তাই মধ্যস্থতা নিউ ইয়র্ক সিটিতে আইনি প্রক্রিয়ার অভিযোগগুলোর বৃহত্তম চালিকাশক্তি (ড্রাইভার)-গুলোর জন্য একটি কার্যকর নিরসনের পন্থা নয়<br>• মক্কেলদের মধ্যস্থতায় পরামর্শদানে অংশগ্রহণের জন্য পিতামাতার আইনজীবীদের কোনো প্রণোদনা নেই<br>• সাধারণত একটি IEP মিটিংয়ে ঐকমত্যে পৌঁছুতে ব্যর্থতার পরে অনুষ্ঠিত হয়<br>• পরিবর্তনযোগ্যতা এবং সমঝোতা করার ইচ্ছার প্রয়োজন হয়<br>• বোঝাপড়া এবং সমঝোতায় পৌঁছানোর জন্য সময় এবং প্রচেষ্টার প্রয়োজন হয় |
| IEP ফ্যাসিলিটেশন (সহজকরণ) | • স্কুলগুলো এবং পরিবারদের মধ্যে সম্পর্কের উন্নতি ঘটায়<br>• IEP মিটিং চলাকালে যোগাযোগ এবং বোঝাপড়ার উন্নতি করে যেন ঐকমত্যে পৌঁছুনো যায়<br>• আরো ভালো প্রশ্ন জিজ্ঞাসা করা এবং কাজের মধ্যে থাকার মাধ্যমে সহ, IEP টিমের সদস্যদেরকে IEP বিষয়ক সমস্যা এবং মতানৈক্য নিরসনে সাহায্য করার জন্য মতৈক্য এবং মতানৈক্যের বিষয়গুলো সুস্পষ্ট করে<br>• পিতামাতা এবং NYC পাবলিক স্কুলস্-এর স্টাফকে নতুন বাছাইয়ের পছন্দ অনুসন্ধান করার জন্য উৎসাহিত করে<br>• ফ্যাসিলিটেটরগণ পক্ষপাতহীনতা বজায় রাখেন এবং কোনো পক্ষ গ্রহণ করেন না<br>• পিতামাতাগণ এবং NYC পাবলিক স্কুলস্-এর জন্য মূল্যে দিতে হয় না | • ফ্যাসিলিটেশন-এর ফলে মতানৈক্য নিরসন হতে পারে শুধুমাত্র যদি IEP টিমের সদস্যগণ IEP-এর জন্য সরল বিশ্বাসে নতুন বেছে নেয়ার পছন্দ অনুসন্ধান করতে ইচ্ছুক থাকেন<br>• NYSED IEP ফ্যাসিলিটেশন পাইলট (পরীক্ষাকাল) সমাপ্ত হওয়ার পরবর্তিতে, বর্তমানে দূর থেকে (রিমোট) মিটিং-এর জন্য অথবা মানদণ্ড অনুযায়ী লভ্য নয় |

| দ্বন্দ্ব নিরসনের পথ (পাথওয়ে)-সমূহ | | |
|---|---|---|
| **প্যাথওয়ে** | **সুবিধাসমূহ** | **সীমাবদ্ধতাসমূহ** |
| **স্পেশাল এডুকেশন ইনবক্স** | • পরিবার, প্রতিনিধিত্বকারী, এবং কমিউনিটি স্বার্থসংশ্লিষ্টদের কাছ থেকে তথ্যানুসন্ধানী ইমেইল পাঠানোর সিটিব্যাপী কেন্দ্রীয় ইমেইল ঠিকানা<br>• অগ্রগতির প্রতি নজরদারি ও পর্যবেক্ষণের একটি সহজে অভিগম্য প্ল্যাটফর্ম<br>• জবাব প্রদানের গড় সময় দুই কার্য দিবসের চেয়ে কম<br>• কেন্দ্রীয় অফিসের স্পেশাল এডুকেশন টিম দ্বারা প্রশ্নগুলোর বিস্তারিত পর্যালোচনা<br>• কার্য পদক্ষেপ, পরিষেবা, প্রোগ্রাম, এবং নীতিমালার ব্যাখ্যা, অথবা জটিল বিষয়সমূহের অগ্রগতি নিয়ে জবাব গ্রহণ করে<br>• প্রবণতাসমূহের প্রকৃত সময়ের অবস্থান নির্ণয় | • শিক্ষার্থীদের চাহিদা সবচেয়ে ভালো পূরণ করা যায় স্কুল এবং পিতামাতার সহযোগিতামূলকভাবে<br>• অধিক-পরিমাণের সময়গুলোতে জবাব প্রদানের সময় গতানুগতিকের চেয়ে ধীরে<br>• সাড়া প্রদানমূলক পদক্ষেপ যা স্থানীয় পর্যায়ে একটি মতানৈক্যের পরে ব্যবহৃত হয় |

# সমাপনী টীকা

কোনো কোনো অ্যাডভাইজরি কাউন্সিল সদস্যদেরকে কোনো বিশেষ সাব-কাউন্সিলে দেয়া হয়নি কিন্তু পুরো অ্যাডভাইজরি কাউন্সিলের মিটিং সহ কিছু কিছু সাব-কাউন্সিলের মিটিংয়ে তারা অংশগ্রহণ করেছেন।

ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য একজন ছেলেমেয়ের যোগ্যতার প্রমাণ রাখে এবং ছেলেমেয়ের অনন্য চাহিদার জন্য উপযুক্ত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবাসমূহ প্রদান করার জন্য পরিকল্পনাকে কাঠামোবদ্ধ করে।

এটিকে একটি নিরপেক্ষ শুনানির অনুরোধও বলা হয়, এটা একজন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী শনাক্তকরণ, মূল্যায়ন, শিক্ষাগত স্থান প্রদান (প্লেসমেন্ট), অথবা বিনামূল্যে যথাযথ সরকারি শিক্ষা (পাবলিক এডুকেশন) সম্পর্কিত কোনো বিষয়ে একজন পিতামাতা অথবা একটি স্কুল ডিস্ট্রিক্ট-এর দায়ের করা লিখিত অভিযোগ। এর ফলে একটি নিরপেক্ষ শুনানি হতে পারে। উৎস: NYC পাবলিক স্কুলস্ স্পেশাল এডুকেশন শব্দকোষ

Fruchter N., Berne R., Marcus A., Alter M., & Gottlieb J. (1995). Focus on learning: a report on reorganizing general and special education in New York City. Institute for Education and Social Policy.

ডিস্ট্রিক্ট 75 যেসব শিক্ষার্থীর  উল্লেখযোগ্য চ্যালেঞ্জপূর্ণ অবস্থা, যেমন অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার, ভীষণভাবে জ্ঞানগত বিলম্ব, আবেগজনিত প্রতিবন্ধিতা, ইন্দ্রিয় বৈকল্য, এবং একাধিক প্রতিবন্ধিতা আছে, তাদের জন্য বিশেষায়িত (স্পেশালাইজড) শিক্ষা-নির্দেশনা সহায়তা প্রদান করে।

স্বল্পতম নিষেধাত্মক পরিবেশ জোট (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট কোয়ালিশন), Still waiting, after all these years ... inclusion of children with special needs in New York City Public Schools (2001), https://www.advocatesforchildren.org/sites/default/files/library/still_2001.pdf?pt=1.

জুন 2000-এ, নিউ ইয়র্ক সিটি বোর্ড অভ এডুকেশন একটি নতুন পরিষেবাসমূহের বিস্তার চালু করেছে যাতে প্রতিবন্ধিতাযুক্ত সকল শিক্ষার্থীর LRE-তে একটি যথাযথ শিক্ষা আবশ্যক হয়। দেখুন: New York City Board of Education, Getting started: Special education as part of a unified service delivery system; পিডিএফ (pdf) আর অনলাইনে লভ্য নয়।

https://infohub.NYCed.org/working-with-the-doe/special-education-providers/standard-operating-procedures-manual/special-education-reform.

https://infohub.NYCed.org/working-with-the-doe/special-education-providers/standard-operating-procedures-manual/special-education-reform

নেস্ট-এর একটি বিবরণের জন্য পরিশিষ্ট 4 দেখুন

DBN, বা ডিস্ট্রিক্ট বরো নম্বর হলো ডিস্ট্রিক্ট নম্বর, বরোর জন্য লেটার (অক্ষর) কোড, এবং স্কুলের নম্বরের সমন্বয়। ডিপার্টমেন্ট অভ এডুকেশনের প্রত্যেক স্কুলের একটি ডিস্ট্রিক্ট বরো নম্বর রয়েছে।

সম্পর্কিত পরিষেবা (রিলেটেড সার্ভিস)-সমূহ হলো সেসব পরিষেবা যা একজন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর অর্থপূর্ণ শিক্ষাগত সুবিধা গ্রহণ করতে যার সাহায্য আবশ্যক হতে পারে। এগুলোর মধ্যে থাকতে পারে কাউন্সেলিং, অকুপেশনাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি, স্পিচ-ল্যাঙ্গুয়েজ থেরাপি, দিক-নির্ণয় ও চলাচলক্ষমতা (ওরিয়েন্টেশন ও মোবিলিটি) পরিষেবা এবং অন্যান্য সহায়তা পরিষেবাসমূহ। উৎস: NYC পাবলিক স্কুলস্ স্পেশাল এডুকেশন শব্দকোষ

সংযুক্তি 1 দেখুন, যা প্রদর্শন করে যে, প্রায় একচেটিয়াভাবে, শিক্ষার্থীরা তাদের স্বাভাবিক শেখার পরিবেশের বাইরে এবং তাদের ক্লাসরুমের সহপাঠীদের থেকে বিচ্ছিন্ন সম্পর্কিত পরিষেবাসমূহ গ্রহণ করার জন্য সুপারিশপ্রাপ্ত হচ্ছে।

কার্যকর সম্পর্কিত পরিষেবাসমূহের চর্চার উপর গবেষণার গ্রন্থ ও রচনার সংক্ষিপ্ত তালিকার জন্য সংযুক্তি 2 দেখুন।

আনুমানিক 10,500 জন অতিরিক্ত শিক্ষার্থী যারা হয়ত একটি স্পেশালাইজড্ অটিজম প্রোগ্রামে আরো ভালোভাবে পরিষেবিত হতে পারে, তাদের বিস্তারিত তথ্যের জন্য সংযুক্তি 5 দেখুন

যেসব পরিবারের সন্তানেরা বেসরকারি স্কুলগুলোতে যায় তাদের দ্বারা দায়েরকৃত আইন প্রক্রিয়ার অভিযোগগুলোর সংখ্যা 2014 থেকে বছর বছর বৃদ্ধি পেয়েছে, যেখানে পাবলিক স্কুলের দায়েরকারীদের সংখ্যা স্থির রয়েছে।

ব্রংক্স ডিস্ট্রিক্ট 7, 9, 10, 11, ও 12 এবং কুইন্স ডিস্ট্রিক্ট 24, 27, 28, ও 29।

এসব দ্বন্দ্ব নিরসনের পন্থার সুবিধা এবং সীমাবদ্ধতা সম্পর্কে আরো তথ্যের জন্য সংযুক্তি 5 দেখুন।

NYC Public Schools